আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত।

সূরা আল ইমরান- ৮৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১৯ অক্টোবর ২০২৬ ॥ ০৭ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০৩ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

জাতীয় পতাকার মান রক্ষা করা সব সৈনিকের পবিত্র দায়িত্ব: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় পতাকার মান রক্ষা করা সব সৈনিকের পবিত্র দায়িত্ব বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি

২ এর পাতায় দেখুন



জামায়াত নেতারা হাসিনার পথেই হাঁটতে ভালোবাসেন: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্দেশ্যে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'আপনারা তো ইতিহাসে

২ এর পাতায় দেখুন



আগের স্বৈরাচারের পথেই হাঁটছে বিএনপি সরকার: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের পথেই বিএনপি সরকার হাঁটছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর

২ এর পাতায় দেখুন

জুলাই সনদবিহীন চলা মানে ফিটনেসবিহীন গাড়িতে ওঠা: হাসনাত আব্দুল্লাহ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আব্দুল্লাহ বলেছেন, জুলাই সনদবিহীন চলা মানে

২ এর পাতায় দেখুন

বিএনপি নেতাকে ছুরিকাঘাত অভিযুক্তকে পিটিয়ে হত্যা

ভোলা প্রতিনিধি

ভোলার সদর উপজেলার রাজাপুরে বিএনপি নেতা হোসেন মাঝিকে ছুরিকাঘাতে গুরুতর আহত করার ঘটনায় আসিফ (২৩) নামের এক যুবককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শনিবার রাতে গণপিটুনিতে গুরুতর আহত আসিফকে ভোলা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল রোববার ভোর ৪টার দিকে তাঁর মৃত্যু হয়। আসিফের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন হাসপাতালের তত্ত্বাবধায়ক তৈয়বুর রহমান। নিহত আসিফ রাজাপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মো. সালাউদ্দিন হাওলাদারের ছেলে। আহত হোসেন মাঝি একই ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। তাঁর রাজনৈতিক পরিচয় নিশ্চিত করেছেন ভোলা সদর উপজেলা বিএনপির সদস্যসচিব মো. হেলালউদ্দিন। আহত বিএনপি নেতা হোসেন মাঝিকে প্রথমে ভোলা সদর হাসপাতালে নেওয়া হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তাঁকে ঢাকায় পাঠানো হয়। বর্তমানে তিনি ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় বাসিন্দা ও পুলিশ সূত্রে জানা যায়, পূর্ববিরোধের জেরে শনিবার রাত ৮টার দিকে উপজেলার আনন্দবাজার এলাকায় ধারালো ছুরি দিয়ে হোসেন মাঝিকে কুপিয়ে গুরুতর আহত করেন

২ এর পাতায় দেখুন



সৌদির সড়ক দুর্ঘটনায় প্রাণ গেলো প্রবাসীর, দেশে অসহায় পরিবার

রাজাপুর প্রতিনিধি

সৌদি আরবের হাইল শহরে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হওয়ার ছয়দিন পর ঝালকাঠির রাজাপুর উপজেলার প্রবাসী আনোয়ার হোসেনের (৪৮) মৃত্যু হয়েছে। হাইলের কিং খালিদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ১৬ অক্টোবর সকাল ৯টার দিকে তার মৃত্যু হয়। নিহত আনোয়ার হোসেন রাজাপুর উপজেলার পূর্ব ইন্দ্রা পাশা গ্রামের বাসিন্দা। তার বাবার নাম মনসুর হোসেন। তিনি সৌদি আরবের হাইল শহরে কর্মরত ছিলেন। পারিবারিক সূত্রে জানা গেছে, গত ১০ অক্টোবর হাইল শহরে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হন আনোয়ার হোসেন। পরে তাকে উদ্ধার করে কিং খালিদ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ছয় দিন চিকিৎসাধীন থাকার পর শুক্রবার সকালে তার মৃত্যু হয়। আনোয়ার হোসেনের মৃত্যুর খবর রোববার (১৮ অক্টোবর) সকালে দেশে জানাজানি হওয়ার পর তার পরিবার ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে

২ এর পাতায় দেখুন

থানায় গিয়ে নারী এএসআইকে ওসির স্ত্রীর গালাগাল, জিডির পর বদলি

কীর্তনখোলা রিপোর্ট

থানায় ঢুকে এক নারী পুলিশ কর্মকর্তাকে অকথ্য ভাষায় গালাগাল করার অভিযোগ উঠেছে আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জের (ওসি) স্ত্রীর বিরুদ্ধে। এ ঘটনায় ওসির স্ত্রীর বিরুদ্ধে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন হেনস্থার শিকার সহকারী উপপরিদর্শক (এএসআই) শাহনাজ আক্তার। তবে বিষয়টি জানাজানি হওয়ার পর ভুক্তভোগী ওই এএসআই এবং আরেকজন এসআইকে থানা থেকে বদলি করা হয়েছে। গত ৯ অক্টোবর বরিশালের আগৈলঝাড়া থানায় এএসআই শাহনাজ আক্তারের করা জিডির ছবি এসেছে প্রতিবেদকের কাছে। জিডির বিবরণে জানা যায়, ঘটনার দিন ৯ অক্টোবর সন্ধ্যা পৌনে ৮টার দিকে ওসির স্ত্রী আঞ্জুমান থানায় এসে এএসআই শাহনাজ আক্তারকে উদ্দেশ্য করে অশালীন ভাষায় কথা বলেন। ওই সময় শাহনাজ থানার ডিউটি অফিসারের চেয়ারে বসা ছিলেন। সেসময় ওসির স্ত্রী তাকে উদ্দেশ্য করে আপত্তিকর

২ এর পাতায় দেখুন

বরিশাল নগরীর বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

আগামী বছর দেশে বিদ্যুৎ বিক্রির জায়গা থাকবে না: চিফ হুইপ

বরগুনা প্রতিনিধি

আগামী বছর দেশে উৎপাদিত বিদ্যুৎ বিক্রির জায়গা থাকবে না বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য নুরুল ইসলাম মণি। গতকাল রোববার দুপুরে বরগুনার বেতাগী উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উন্নয়ন ও আইনশৃঙ্খলা বিষয়ক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। বিদ্যুৎকেন্দ্র স্থাপন ও বিদ্যুতের বিল প্রসঙ্গে নুরুল ইসলাম মণি বলেন, 'হাসিনার বিদ্যুৎ প্লান্ট আছে, কিন্তু ভেতরে মেশিন নাই। হাসিনা টাকা খাওয়ার জন্য এসব বিদ্যুৎ প্লান্ট করেছে। তাই এখন বিল কমানোর কোনো রাস্তা সরকারের কাছে নাই।'

২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে শের ই বাংলা মেডিকেলে চিকিৎসাধীন মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদারকে দেখতে যান মহানগর বিএনপির আহবায়ক মনিরুজ্জামান খান ফারুক -কীর্তনখোলা

ছাত্রাবাস নির্মাণে সরকারি বরিশাল কলেজের পুকুর ভরাট, সিটি করপোরেশনের বাধা

কীর্তনখোলা রিপোর্ট

জলাধার সংরক্ষণ আইন লঙ্ঘন করে সরকারি বরিশাল কলেজের একটি পুকুর ভরাটের অভিযোগ উঠেছে কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে। শনিবার রাতে পুকুরটিতে বালু ফেলে একাংশ ভরাট করা হয়। খবর পেয়ে গতকাল রোববার দুপুরে কাজ বন্ধ করে দিয়েছে বরিশাল সিটি করপোরেশন। এদিকে পরিবেশ অধিদপ্তর থেকেও এ ঘটনায় কলেজ কর্তৃপক্ষকে নোটিশ দেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানা গেছে। সরেজমিনে দেখা যায়, সরকারি বরিশাল কলেজ কম্পাউন্ডসংলগ্ন পুকুরটির দক্ষিণ পাশের একাংশ আগে থেকেই ভরাট করা। রাতের মধ্যেই পুকুরটির প্রায় এক-তৃতীয়াংশ ভরাট করা হয়েছে। একসময় পুকুরটির আয়তন ছিল প্রায় ৩০ শতাংশ। স্থানীয়দের অভিযোগ, কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. মহিউদ্দিনের পরিকল্পনায় পুকুরটি ভরাট করা হচ্ছে। এতে কলেজ শাখা

২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

সাংস্কৃতিক অনুষ্ঠানে আলোচনা আলোচকদের খাটো করে

বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে আমরা দেখি অনুষ্ঠান শুরুর আগে আলোচনা সভার আয়োজন করা হয়। আমি একজন সংস্কৃতিমনা মানুষ। আমার মতোন অনেকেই এসব অনুষ্ঠান উপভোগ করতে যায়। গান শুনতে যায়, আবৃত্তি-নৃত্য-নাটক উপভোগ করতে যায়। বেশিরভাগ পার্টিসিপ্যান্টরাও এসব অনুষ্ঠানে বাচ্চারাই থাকে। কিন্তু অনুষ্ঠান শুরুর আগে যে আলোচনা হয় স্বনামধন্য ব্যক্তিরা সেখানে উপস্থিত থাকেন, কথা বলেন, বক্তব্য রাখেন, দুর্ভাগ্যজনক হলেও সত্য যে এই আলোচনা, বক্তব্য আমাদের অধিকাংশ দর্শকই পছন্দ করেন না। বিরক্তবোধ করেন। অনুষ্ঠানে অংশ নিতে আসা বাচ্চারা এবং অভিভাবকরাও চরম বিরক্তি প্রকাশ করেন। ফলে একজন বক্তা যখন তার জ্ঞানগর্ভ আলোচনা করতে থাকেন তখন পাশ থেকে উপস্থাপক চিরকুটে লিখে দেন সংক্ষেপ করার জন্য।

আয়োজকরা বারবার ইশারা করেন সংক্ষেপ করার জন্য। দেখুন সাহিত্য বিষয়ক আলোচনা নিশ্চয়ই ধন্যবাদ দিয়ে শেষ করা যায় না। তাছাড়া এসমস্ত আলোচনা বোঝার মতোন বোদ্ধাও আমাদের দর্শকসারিতে প্রায় শূণ্যের কোটায়।

২ এর পাতায় দেখুন

হিন্দু সমাজকে আ.লীগ রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

হিন্দু সমাজকে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সবসময় রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে বলে মন্তব্য করেছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। শারদীয় দুর্গাপূজা উপলক্ষে শনি ও রোববার (১৮ অক্টোবর) দুই দিনে বরিশাল নগরীর সকল পূজামণ্ডপ পরিদর্শনকালে তিনি এ মন্তব্য করেন। এ সময় তিনি সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন, ফুলেল শুভেচ্ছা জানান এবং পূজার সার্বিক পরিস্থিতির খোঁজখবর নেন। পাশাপাশি উপস্থিত নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, বাংলাদেশের দ্বিতীয় বৃহৎ জনগোষ্ঠী সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। এ উৎসব শুধু ধর্মীয় আয়োজন নয়, বরং সম্প্রীতি, সৌহার্দ্য ও পারস্পরিক শ্রদ্ধাবোধেরও প্রতীক। সব ধর্মের মানুষের নিজ নিজ ধর্মীয় উৎসব নির্বিঘ্নে উদ্‌যাপনের অধিকার রয়েছে। এ অধিকার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। তিনি আরও বলেন, ক্ষমতায় যাওয়া এবং ক্ষমতা ধরে রাখার স্বার্থে আওয়ামী লীগ বারবার সনাতন

২ এর পাতায় দেখুন

কবি ফররুখ আহমদের মৃত্যুবার্ষিকী আজ

আযাদ আলাউদ্দীন

শোন মৃত্যুর তূর্য নিনাদ, ফারাক্কা বাঁধ... ফারাক্কা বাঁধ... কিংবা-
বৃষ্টি এলো কাশবনে, জাগলো সারা ঘাসবনে/বকের সারি কোথা রে, লুকিয়ে গেলো বাঁশবনে...

এমনি অসংখ্য জনপ্রিয় এবং কালজয়ী ছড়া, কবিতা ও গানের জনক কবি ফররুখ আহমদের ৫২তম মৃত্যুবার্ষিকী ১৯ অক্টোবর। ১৯১৮ সালের ১০ জুন মাগুরা জেলার মাঝআইল গ্রামে জন্মগ্রহণ করেন তিনি। খানসাহেব সৈয়দ হাতেম আলী ও রওশন আখতারের দ্বিতীয় পুত্র ফররুখ আহমদ। ১৯৩৭ সালে খুলনা জেলা স্কুল থেকে প্রবেশিকা, ১৯৩৯ সালে কলকাতা রিপন কলেজ থেকে আই এ পাশ করেন। কলকাতা স্কটিশ চার্চ কলেজে ১৯৩৯ সালে দর্শন বিষয়ে, পরবর্তীতে ১৯৪১ সালে কলকাতা সিটি কলেজে ইংরেজি সাহিত্যে অনার্স নিয়ে বিএ-তে ভর্তি হন। কিন্তু নানাবিধ কারণে এখানেই অ্যাকাডেমিক শিক্ষার সমাপ্তি ঘটে। ১৯৪৩ সালে আইজি প্রিজন অফিস ও ১৯৪৪ সালে সিভিল সাপ্লাই অফিসে স্বল্পকাল চাকরি করেন। এরপর সাংবাদিকতা ও সাহিত্যচর্চা নিয়েই জীবনের বৃহত্তর সময় অতিবাহিত করেন ফররুখ আহমদ। তিনি রেডিও পাকিস্তান, ঢাকা ও বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পী ছিলেন। ১৯৭৪ সালের ১৯ অক্টোবর ঢাকার ইস্কাটন গার্ডেনে ইন্তেকাল করেন এই মহান কবি। বাংলাসাহিত্যের ইতিহাসস্বীকৃত একজন অসাধারণ জননন্দিত কবি ফররুখ আহমদ। স্বপ্নরাজ্যের সিন্দাবাদ, ঐতিহ্যের কবি ফররুখ আহমদ বাংলা-সাহিত্যাকাশে এক উজ্জ্বল তারকা। ছন্দের কবি, সঙ্গীতঝঙ্কারের কবি ফররুখ আহমদের কাব্যে ইতিহাস-ঐতিহ্য, সংস্কৃতি, স্বদেশ, সমকাল ফুটে উঠেছে সার্থকভাবে। অফুরণ সৌন্দর্য, উদাস কল্পনা, রূঢ় বাস্তবতা, প্রদীপিত আদর্শ, সমুদ্রবিহার, রোমান্টিকতা, প্রেম প্রভৃতি তার কবিতার এক মৌলিক চরিত্র নির্মাণ করেছে। গানের ভুবনেও তার পদচারণা ছিলো সর্বত্র। পঞ্চাশ-ষাটের দশকে শিল্পী ও গীতিকার হিসেবে তার ছিল ব্যাপক খ্যাতি। শিশুসাহিত্য, প্রবন্ধ, নাটক, অনুবাদসাহিত্যেও তার অবদান উল্লেখযোগ্য। তার প্রথম ও সেরা কাব্যগ্রন্থ সাত সাগরের মাঝি ১৯৪৪ সালে প্রকাশিত হয়। এছাড়া আজাদ কর পাকিস্তান (১৯৪৬), সিরাজাম মুনিরা (১৯৫২), নৌফেল ও হাতেম (১৯৬১), মুহূর্তের কবিতা (১৯৬৩), হাতেম তায়ী (১৯৬৬)

২ এর পাতায় দেখুন

ইলিশের প্রধান প্রজনন মৌসুম বাস্তবায়ন উপলক্ষে
অভিযান

বরিশালের বিভিন্ন নদ-নদীতে মা ইলিশ সংরক্ষণে অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলার সদর উপজেলার কীর্তনখোলা ও কালাবদর নদীতে মা ইলিশ সংরক্ষণে অভিযান চালিয়ে ৪ জনকে ৩৫ হাজার টাকা জরিমানা করেছে উপজেলা প্রশাসন। এ সময় ১৫ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল এবং ১০ কেজি ইলিশ মাছ জব্দ করা হয়। পরে এসব অবৈধ কারেন্ট জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়। জব্দ করা ১০ কেজি ইলিশ স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়েছে। রোববার সকাল ৬টা থেকে ১০টা পর্যন্ত পরিচালিত এ অভিযানে জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে আদায় করা হয়। বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা. ফরিদা সুলতানার নেতৃত্বে পরিচালিত

২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

শ্রমবাজারে বৈচিত্র্য আনা জরুরি

দেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করছে। বেসরকারি খাতে ঋণপ্রবাহের ধীরগতি, বিনিয়োগে অনিশ্চয়তা, শিল্প খাতে স্থবিরতা এবং লাগামহীন মূল্যস্ফীতি–সামগ্রিক অর্থনৈতিক সংকটকে সামনে আনছে। এমন চতুর্মুখী সংকটের মধ্যেও প্রবাস আয়ের ইতিবাচক ধারা অব্যাহত ছিল। বলা যায়, ঘোর সংকটকালে এটিই ছিল স্বস্তির সূচক। কিন্তু সৌদি আরবে যুদ্ধ পরিস্থিতিতে সেই প্রবাস আয় নিয়েও অনিশ্চয়তা দেখা দিয়েছে। সাম্প্রতিক সময়ে সৌদি আরব ও ইয়েমেনের হুতিদের মধ্যে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে। হুতিদের ধারাবাহিক হামলায় সৌদি আরবের বিমানবন্দরসহ গুরুত্বপূর্ণ স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিরাও হতাহত হয়েছেন। এমন পরিস্থিতিতে সৌদি আরবের শ্রমবাজার নিয়ে বড় ধরনের অনিশ্চয়তা দেখা দিয়েছে। চলমান সংঘাত দীর্ঘস্থায়ী হলে আমাদের প্রবাস আয় সংকুচিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়েছে, হামলার কারণে আকাশপথ বন্ধ–এ কারণে ঢাকা থেকে অন্তত ১০০ ফ্লাইট বাতিল করা হয়েছে। এতে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেড় হাজারের বেশি সৌদিগামী যাত্রী আটকা পড়েছেন। তাঁদের মধ্যে অনেক প্রবাসী কর্মীর ভিসার মেয়াদ শেষ হওয়ার পথে, আবার অনেকের ছুটি শেষ হয়ে আসছে। সময়মতো গন্তব্যে পৌঁছতে না পারলে চাকরি, ভিসা ও কর্মস্থলে যোগদান নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন তাঁরা। বিশেষজ্ঞমহল মনে করছে, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত এই আটকে পড়া শ্রমিকের পাশে দাঁড়ানো। এ বিষয়ে ব্র্যাকের সহযোগী পরিচালক (মাইগ্রেশন) শরিফুল ইসলাম হাসান যথার্থই বলেছেন, ‘বর্তমান পরিস্থিতি মোকাবেলায় পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে সার্বক্ষণিক কৌশলগত সেল গঠন করা প্রয়োজন। আটকে পড়া কর্মীদের তালিকা তৈরি, ভিসার মেয়াদ বাড়ানো, জরুরি সহায়তা এবং বিকল্প যাত্রাপথের ব্যবস্থা করতে পারে এই সেল। সংঘাত দীর্ঘ হলে কর্মীদের নিরাপত্তা, দেশে ফিরে আসা শ্রমিকদের পুনর্বাসন এবং নতুন কর্মসংস্থানের সুযোগ নিয়েও আগাম পরিকল্পনা থাকা দরকার।’ বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে দেশে রেমিট্যান্স এসেছে ৩৫.৫৯ বিলিয়ন ডলার। আগের অর্থবছরে এসেছিল ৩০.৩৩ বিলিয়ন ডলার। এক বছরে প্রবাস আয় বেড়েছে ১৭.৩০ শতাংশ। তবে আমাদের প্রবাস আয়ের বড় অংশ ঘুরেফিরে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের ওপর নির্ভরশীল। এর মধ্যে সৌদি আরব সবচেয়ে গুরুত্বপূর্ণ। গত অর্থবছরে দেশটি থেকে এসেছে মোট রেমিট্যান্সের ১৬.১৩ শতাংশ। অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, এই নির্ভরতা অর্থনীতির জন্য একই সঙ্গে শক্তি আবার ঝুঁকিও বটে। বেশ কিছুদিন থেকেই বিশেষজ্ঞমহল দেশে শ্রমবাজারে বৈচিত্র্য আনার পরামর্শ দিয়ে আসছে। গত বুধবার একটি অনুষ্ঠানে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরও এ বিষয়ে জোর দিয়েছেন। তিনি বলেন, মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতি বাংলাদেশের সামনে নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে। এই প্রেক্ষাপটে শ্রমবাজারে বৈচিত্র্য আনতে ইউরোপ ও এশিয়ার অন্যান্য দেশে কর্মসংস্থানের সুযোগ বাড়াতে হবে।

জুলাই সনদবিহীন চলা মানে

ফিটনেসবিহীন গাড়িতে ওঠা। তিনি বলেন, সরকার রাষ্ট্রকে জনকল্যাণের পরিবর্তে ব্যবসায়িক স্বার্থের দিকে ঠেলে দিচ্ছে। রোববার (১৮ অক্টোবর) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল কবির মিলনায়তনে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) আয়োজিত মুক্ত আলোচনা সভার বক্তব্যে তিনি এসব কথা বলেন। ‘জুলাই সনদের এক বছর : প্রতিশ্রুতি ও প্রত্যাশার সালতামামি’ শীর্ষক মুক্ত আলোচনায় বক্তারা বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষা বাস্তবায়ন, রাষ্ট্র সংস্কার এবং গণভোটের রায় কার্যকর করা এখন সময়ের দাবি। জুলাই সনদ বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েও সরকার তা থেকে সরে আসছে, যা জনগণের প্রত্যাশার পরিপন্থি। হাসনাত আব্দুল্লাহ বলেন, জুলাই সনদ নিয়ে বিএনপি জাতির সঙ্গে প্রতারণা করেছে এবং সনদের একাধিক ধারা লঙ্ঘন করেছে। তার মতে, সংস্কার পরিষদ গঠনের দাবি ছিল সংস্কারের ধারাবাহিকতা নিশ্চিত করা এবং গণভোটের রায় বাস্তবায়নের জন্য। তিনি বলেন, জুলাই সনদবিহীন চলা মানে ফিটনেসবিহীন গাড়িতে ওঠা। তার অভিযোগ, সরকার রাষ্ট্রকে জনকল্যাণের পরিবর্তে ব্যবসায়িক স্বার্থের দিকে ঠেলে দিচ্ছে। তিনি আরও সতর্ক করে বলেন, জুলাই সনদের মৌলিক চেতনা উপেক্ষা করে রাষ্ট্র পরিচালনা করলে নতুন রাজনৈতিক সংকট তৈরি হবে। এবি পার্টির যুগ্ম সাধারণ সম্পাদক ব্যারিস্টার যোবায়ের আহমেদ ভূইয়ার সঞ্চালনায় দলের চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু সভায় সভাপতিত্ব করেন। বক্তব্যে মঞ্জু বলেন, সরকারের মুখে অক্ষরে অক্ষরে জুলাই সনদ বাস্তবায়নের আশ্বাস শুনতে শুনতে জাতি বিরক্ত হয়ে গেছে। সরকার এত দ্রুত প্রতিশ্রুতি থেকে সরে আসবে, আমরা তা কল্পনাও করিনি। তিনি বলেন, বিএনপি নিজেরাই দাবি করেছে, জুলাইয়ে তাদের ৮৪৮ জন কর্মী শহীদ হয়েছেন। শহীদদের রক্ত ও জীবনের প্রতি দায়বদ্ধতা থেকেই সরকারের উচিত জুলাই সনদ বাস্তবায়ন করা। তিনি আরও বলেন, শেখ হাসিনা জাতির সঙ্গে প্রতিশ্রুতি রক্ষা না করার পরিণতি ভোগ করেছেন। বিএনপিরও সেই ভুল করা উচিত হবে না। জুলাই সনদে ৮৪টি সংস্কার প্রস্তাব ও সাত দফা অঙ্গীকার রয়েছে, যার অনেক কিছুই বিএনপির ঘোষিত ৩১ দফার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। অথচ ক্ষমতায় আসার পর বিএনপি এমন আচরণ করছে, যেন জুলাই সনদ তাদের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে।

আগের স্বৈরাচারের পথেই

আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, ক্ষমতায় বসে গত সাত মাসে রাষ্ট্রের সব প্রতিষ্ঠানকে ধ্বংস করেছে বিএনপি সরকার। দেশের উন্নয়নকাজে এতদিন তাদের সহযোগিতা করার কথা ভেবেছিল বিরোধী দল। কিন্তু বিরোধী দলের সহযোগিতা নিতে ব্যর্থ হয়েছে তারা। এ সরকার আগের স্বৈরাচারের পথেই হাঁটছে। তাই এখন থেকে ১৮ কোটি মানুষকে আমরা সহযোগিতা করবো। কারণ বিএনপি বদলে গেলেও আমরা আমাদের কথা বদলাবো না। জুলাই সনদ আর গণভোটের গণরায় আদায় করেই ছাড়বো ইনশা আল্লাহ। রোববার (১৮ অক্টোবর) দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির শফিকুল কবির মিলনায়তনে আয়োজিত মুক্ত আলোচনায় তিনি এসব কথা বলেন। ‘জুলাই সনদের প্রতিশ্রুতি ও প্রত্যাশার এক বছর সালতামামি’ শীর্ষক এ আয়োজন করে আমার বাংলাদেশ (এবি) পার্টি। বিএনপি রাতারাতি অতীত ভুলে গেছে উল্লেখ করে জামায়াত আমির বলেন, ২০২৪ সালের ৫ আগস্ট দুপুর পর্যন্ত বিএনপি আমাদের মতোই একটি দল ছিল। এরপর থেকেই রাতারাতি নিজেদের অতীত ভুলে গেছে দলটি। আমাদের কিছু কিছু বিষয়ে ভিন্নমত থাকলেও গণভোটের ব্যাপারে কোনো ভিন্নতা ছিল না তাদের। আমরা চেয়েছিলাম গণভোট আগে হোক, তাহলে এটি অনিশ্চয়তায় পড়বে না। কিন্তু তারা এটি চায়নি। বরং জোর করে একই দিনে করার তাগিদ দেওয়া হয়েছে। তাদের সিদ্ধান্তের মাধ্যমে একই দিনে নির্বাচন ও গণভোট হলো। এছাড়া একজন সাংসদকে দুটি শপথ নেওয়ার কথা জানিয়েছে নির্বাচন কমিশন। অথচ তারা নেননি। আর ওই দিন থেকেই বিএনপি উগ্র। তিনি বলেন, বিএনপির এমপিরা সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। কিন্তু সংসদ পরিষদের সদস্য হিসেবে নেননি। উল্টো জাতির বিরুদ্ধে ষড়যন্ত্র ও বিশ্বাসঘাতকতার ধারা অব্যাহত রেখেছেন তারা। এখন ইনিয়ে-বিনিয়ে বলার চেষ্টা করছেন যে, ভোটের মাধ্যমে সরকার গঠন করে পাঁচ বছর চালানোর জন্য বসিয়েছে এ জাতি। তবে বিএনপি দুটি ভোটের মূল্যায়ন করলে আমাদের আর সংসদের বাইরে আন্দোলন করার প্রয়োজন হতো না। তারাই বিরোধীদলকে আন্দোলনের পথে ঠেলে দিয়েছে। বিরোধীদলের কোনো এমপি বরাদ্দ দেওয়া হয়নি জানিয়ে শফিকুর রহমান বলেন, এরই মধ্যে সরকারি দলের এমপিদের ২০৮ আসনে বিশেষ বরাদ্দ দেওয়া হয়েছে। কিন্তু বিরোধীদলের একজন এমপিকেও দেওয়া হয়নি। অথচ আমরা ভেবেছি চব্বিশের গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে বস্তাপচা রাজনীতির কবর রচিত হয়ে নতুন রাজনীতির জন্ম হবে। এটিই জনগণের প্রত্যাশা ছিল। তবে দেশকে আবারও সেই দিকেই টেনে নেওয়া হলো। শেষ পর্যন্ত মহিষের ওপরও কর বসানো হয়েছে। গবাদি এ পশুটিও টাকা দিয়ে ঘাস খেতে হয়। রাষ্ট্রের সব প্রতিষ্ঠানকে ধ্বংস করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, ক্ষমতায় বসে গত সাত মাসে রাষ্ট্রের সব প্রতিষ্ঠানকে ধ্বংস করেছে বিএনপি। আগের স্বৈরাচার যে পথে হেঁটেছিল, হুবহু একই রাস্তা ধরে এই সরকার হাঁটছে। তাহলে এখন বিরোধীদল কি গালে আঙুল দিয়ে বসে থাকবে। শত ইঞ্জিনিয়ারিং, চুরি-চামাড়ির পরও আমাদের বিরোধীদলে বসিয়েছে জনগণ। এসব আসনের ৮৯ জন এমপি দেশের ১৮ কোটি মানুষের পাহাদার হয়ে কাজ করবেন ইনশা আল্লাহ। আমরা কথা দিচ্ছি, বিএনপি বদলে গেলেও আমরা আমাদের কথা বদলাবো না। জুলাই সনদ আর গণভোটের গণরায় আমরা আদায় করেই ছাড়বো।

জামায়াত নেতারা হাসিনার

প্রমাণ রেখেছেন। আপনারা হাসিনার পথে হাঁটতে সবচেয়ে ভালোবাসেন। ক্ষমতার জন্য কখনো কখনো বিএনপির সঙ্গে জোট করার চেষ্টা করেন। কিন্তু মনের ভেতরে হাসিনার প্রদর্শিত পথেই আপনারা হাঁটেন।’ রোববার (১৮ অক্টোবর) জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে বিএনপির সাবেক ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট আফসার আহমেদ সিদ্দিকীর ২৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন। জামায়াতের আমিরের বক্তব্যের সমালোচনা করে রিজভী বলেন, ‘জামায়াতের আমির আজকেই বোধ হয় একটা কথা বলেছেন, যে বিএনপি ফ্যাসিস্টদের পথে এগিয়ে যাচ্ছে। তা আমি তাকে বলতে চাই, ফ্যাসিস্টদের পথ কী? কোনটা পথ? একটা দৃষ্টান্ত দেখান।’ রিজভী বলেন, ৫ আগস্টের পর আওয়ামী লীগের সবকিছু মাফ করে দেওয়া কিংবা ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নের কথা বিএনপির কোনো নেতা বলেননি। বিএনপির প্রধান নেতা তারেক রহমানও এমন কথা বলেননি । অথচ এখন বিএনপির বিরুদ্ধে ফ্যাসিস্টদের পথে হাঁটার অভিযোগ তোলা হচ্ছে। তিনি বলেন, ‘বিএনপিকে জনগণ চেনে, বিএনপি যে প্রতিশ্রুতি দেয়, সেই প্রতিশ্রুতি থেকে বিন্দুমাত্র বিচ্যুত হয় না। কিন্তু আপনারা যে প্রতিশ্রুতি দিয়েছেন, সেই প্রতিশ্রুতি আপনারা ইসলামের নামে দিয়েছেন, আল্লাহর নামে দিয়েছেন। অনেক কথা বলছেন মানুষের মনকে জয় করার জন্য। কিন্তু পরক্ষণেই উল্টো কাজ করেছেন।’ রিজভী বলেন, ‘আপনারা অতীতের যত কাজ, সে কাজগুলো কিন্তু আপনারা করেছেন শেখ হাসিনার পথ ধরেই।’ তিনি বলেন, বেগম খালেদা জিয়া এরশাদ সরকারকে অবৈধ আখ্যা দিয়ে তার অধীনে নির্বাচনে অংশ না নেওয়ার ঘোষণা দিয়েছিলেন। আওয়ামী লীগ ও জামায়াতও এরশাদের অধীনে নির্বাচনে না যাওয়ার কথা বলেছিল। কিন্তু পরে আওয়ামী লীগ সে অবস্থান থেকে সরে আসে এবং জামাতও সে অবস্থান থেকে সরে আসে। আপনারা (জামায়াত)তো প্রমাণ রেখেছেন ইতিহাসে। আপনারা হাসিনার পথে হাঁটতে সবচাইতে ভালোবাসেন। ক্ষমতার জন্য কখনো কখনো বিএনপির সঙ্গে জোট করার চেষ্টা করেন। কিন্তু মনের ভেতরে হাসিনার প্রদর্শিত পথেই আপনারা হাঁটেন।’ রিজভী বলেন, ১৯৯৪-৯৫ সালে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার আন্দোলনেও জামায়াত আওয়ামী লীগের সঙ্গে একই পথে হেঁটেছে। ইতিহাসের এসব উদাহরণ উপেক্ষা করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। বিএনপির এই নেতা বলেন, ‘বিএনপির মধ্যে অন্তর্ভুক্ত অসংখ্য নেতাকর্মীদের গুপ্তহত্যার আত্মদান, স্যাক্রিফাইস এবং ত্যাগের মধ্যে দিয়ে এই দল তৈরি হয়েছে। গণতন্ত্র হচ্ছে তার অভীষ্ট লক্ষ্য। গণতন্ত্র হচ্ছে তার আদর্শিক চেতনা।’ জামায়াতের উদ্দেশে রিজভী বলেন, গণতন্ত্র ও দেশের স্বাধীনতার প্রশ্নে দলটির আদর্শিক অবস্থান কী, তা নিয়ে জনগণের মধ্যে সন্দেহ রয়েছে। গণতান্ত্রিক আন্দোলনগুলোতে জামায়াতের অবস্থান নিয়েও প্রশ্ন তোলেন তিনি। আফসার আহমেদ সিদ্দিকীর সঙ্গে নিজের ঘনিষ্ঠ সম্পর্কের কথা তুলে ধরে রিজভী বলেন, আফসার আহমেদকে বড় ভাই বলে ডাকলেও তাদের সম্পর্ক ছিল অনেকটা পিতা-পুত্রের মতো। তার সান্নিধ্য থেকে রাজনীতি বোঝার পাশাপাশি ব্যক্তিগত জীবনেও অনেক কিছু শিখেছেন তিনি। সভায় বিএনপির নার্সেস ও স্বাস্থ্য সহকারী সহসম্পাদক জাহানারা সিদ্দিকীর সভাপতিত্বে আরও বক্তব্য দেন বিএনপির স্বেচ্ছাসেবক-বিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপু, স্বাস্থ্য-বিষয়ক সম্পাদক অধ্যাপক ডা. রফিকুল ইসলাম, যুবদলের সহ-সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন মামুনসহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতারা।

জাতীয় পতাকার মান রক্ষা

বলেছেন, জাতীয় পতাকা অর্জনের অর্থ হলো অর্পিত দায়িত্ব আরও নিষ্ঠার সঙ্গে পালনের নতুন শপথ। রোববার (১৮ অক্টোবর) সাভার সেনানিবাসে কয়েকটি ব্যাটালিয়ন ও রেজিমেন্টকে জাতীয় পতাকা দেওয়া উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, একজন সেনা পরিবারের সদস্য হিসেবে সেনা পরিবেশেই বেড়ে উঠেছেন তিনি। তাই ভিন্ন পরিচয়ে অনুষ্ঠানে উপস্থিত হলেও এ ধরনের পরিবেশ তার জন্য নতুন নয়। পেশাগত সাফল্যের জন্য ৭ ও ৩২ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, ২৫ এয়ার ডিফেন্স রেজিমেন্ট, ৯ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন, ৫৬ ও ৫৭ ইস্ট বেঙ্গল এবং প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট ন্যাশনাল স্ট্যান্ডার্ড বা জাতীয় পতাকা প্রাপ্তির গৌরব অর্জন করেছে উল্লেখ করে তিনি তাদের অভিনন্দন জানান। তারেক রহমান বলেন, ‘এই ন্যাশনাল স্ট্যান্ডার্ড শুধু একটি পতাকা নয়, বরং এটি একটি ইউনিটের ইতিহাস, ঐতিহ্য, শৃঙ্খলা, আত্মত্যাগ, পেশাদারত্ব এবং দেশের প্রতি অঙ্গীকারের প্রতীক। জাতীয় পতাকার গৌরবময় উড্ডয়ন প্রতিনিয়তই আমাদের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অসংখ্য মানুষের আত্মত্যাগের কথা স্মরণ করিয়ে দেয়।’ তিনি বলেন, ‘জাতীয় পতাকা অর্জনের অর্থ হলো আপনাদের ওপর অর্পিত দায়িত্ব আরও নিষ্ঠার সঙ্গে পালন করার নতুন শপথ। পতাকার মান রক্ষা করা সকল সৈনিকের পবিত্র দায়িত্ব।’ মুক্তিযুদ্ধে সেনাবাহিনীর ভূমিকার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে গণহত্যা শুরু হলে চট্টগ্রামে অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের তৎকালীন উপঅধিনায়ক মেজর জিয়াউর রহমান ‘উই রিভোল্ট’ উচ্চারণ করেন। পরে তিনি বাংলাভাষী কর্মকর্তা ও সৈনিকদের সশস্ত্র সংগ্রামে অবতীর্ণ হওয়ার নির্দেশ দেন। প্রধানমন্ত্রী বলেন, ২৬ মার্চ রাত ২টা ১৫ মিনিটে জিয়াউর রহমান স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রামে অবতীর্ণ হওয়ার নির্দেশ দেন। পরদিন ২৭ মার্চ কালুরঘাট বেতার কেন্দ্র থেকে পুনরায় স্বাধীনতার ঘোষণা দেন তিনি। বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে একজন সেনাকর্মকর্তার এই ভূমিকা সশস্ত্র বাহিনীর জন্য অনুপ্রেরণাদায়ক গৌরবজনক অধ্যায়। আধুনিক সশস্ত্র বাহিনীর শক্তি শুধু অস্ত্র, সরঞ্জাম বা জনবলে সীমাবদ্ধ নয় উল্লেখ করে তারেক রহমান বলেন, এর প্রকৃত শক্তি শৃঙ্খলা, দক্ষতা, নেতৃত্ব, নৈতিকতা, প্রশিক্ষণ ও জনগণের আস্থার মধ্যে নিহিত। সর্বোপরি চেইন অব কমান্ড। তিনি বলেন, সশস্ত্র বাহিনীকে আরও প্রযুক্তিনির্ভর, দক্ষ, শৃঙ্খলাবদ্ধ ও পেশাদার হিসেবে গড়ে তোলার কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান বিশ্বে ড্রোন, কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার স্পেস ও ইলেকট্রনিক যুদ্ধ জাতীয় নিরাপত্তার গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। এ বাস্তবতায় প্রতিরক্ষা প্রস্তুতিকেও সময়ের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে নেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, সেনাবাহিনীর আধুনিকায়নের পাশাপাশি দেশেই অস্ত্র, গোলাবারুদ ও প্রতিরক্ষা সামগ্রী উৎপাদনে দেশীয় প্রতিরক্ষা শিল্প প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। একই সঙ্গে সেনা, নৌ ও বিমান বাহিনীর সমন্বিত প্রতিরক্ষা সক্ষমতা গড়ে তোলার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। সেনাসদস্যদের কল্যাণে সরকারের উদ্যোগের কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, আবাসন, চিকিৎসা, শিক্ষা, প্রশিক্ষণ, ক্যারিয়ার উন্নয়ন ও অবসর-পরবর্তী সামাজিক নিরাপত্তাকে গুরুত্ব দেওয়া হচ্ছে। জাতীয় পে-স্কেলে সশস্ত্র বাহিনীর সদস্যদের বেতন ও ভাতা ১০০ থেকে ১৩৮ শতাংশ পর্যন্ত বাড়ানো হয়েছে। সেনাসদস্যদের জীবনযাপনের মান উন্নয়নে ‘ওয়ান র?্যাংক ওয়ান পেনশন’ বাস্তবায়নের বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ‘জাতীয় স্বার্থ, সার্বভৌমত্ব ও আত্মমর্যাদা রক্ষাই হবে আগামীর বাংলাদেশের মূল অঙ্গীকার। বাংলাদেশ পারস্পরিক শ্রদ্ধা ও সমতার ভিত্তিতে সকল দেশের সঙ্গে বন্ধুত্ব ও সহযোগিতা সুদৃঢ় করতে চায়।’

আগামী বছর দেশে বিদ্যুৎ বিক্রির

সাম্প্রদায়িক সম্প্রীতি প্রসঙ্গে তিনি বলেন, ‘গত দুই বছরে দেশে সাম্প্রদায়িক দাঙ্গার কোনো ঘটনা ঘটেনি। বাংলাদেশে কেউ সংখ্যালঘু নয়, সবাই এ দেশের নাগরিক এবং সবার অধিকার সমান। দুর্গাপূজার দিকে কেউ বাঁকা চোখে তাকালে, সেই চোখ আর সোজা করা যাবে না, সেটা বাঁকাই থাকবে।’ এসময় অভিভাবকদের সতর্ক করে তিনি বলেন, ‘ফেসবুকের খারাপ কনটেন্টের কারণে শিশুরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ বিষয়ে অভিভাবকদের সচেতন থাকতে হবে।’ সভা শেষে বেতাগী উপজেলার অসহায় ও দুস্থ ৩৭টি পরিবারের মধ্যে ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা বিতরণ করেন চিফ হুইপ। এছাড়া দুর্গাপূজা উপলক্ষে উপজেলার সব পূজামণ্ডপে নগদ অর্থ ও জিআর চাল বিতরণ করা হয়।

থানায় গিয়ে নারী এএসআইকে ওসির

মন্তব্য করেন এবং রাতের বেলায় ওসির কক্ষে যাওয়া ও চাকরিতে আসা নিয়ে কটূক্তি করেন। এ ঘটনায় তিনি মানসিকভাবে বিব্রত ও অপমানিত হয়েছেন বলে জিডিতে উল্লেখ করেন। জিডিতে আরও একটি ঘটনার বিবরণ তুলে ধরেছেন এএসআই শাহনাজ আক্তার। সেখানে তিনি উল্লেখ করেন, গত মার্চে তার ভাইয়ের বিয়ে উপলক্ষে জরুরি ছুটির প্রয়োজন হলে তিনি রাত সাড়ে ১০টার দিকে ছুটির ব্যবস্থা করতে থানায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করেন। পরে ওসির অর্ডালির মাধ্যমে ছুটির অনুমতির আবেদন করেন। ছুটি থেকে ফিরে তিনি জানতে পারেন, থানায় কর্মরত আরেক এসআই আবদুল্লাহ আল মামুনের কাছে ওসির স্ত্রী বলেছেন, ‘ওসির সঙ্গে তার অনৈতিক সম্পর্ক রয়েছে, তার সঙ্গে রাত কাটিয়েছে।’ এএসআই শাহনাজ জানিয়েছেন, তখন বিষয়টি নিজের কানে না শোনায় গুরুত্ব দেননি। তবে এবার সামনাসামনি ওসির স্ত্রী অকথ্য ভাষায় গালিগালাজ করায় ভবিষ্যতের প্রয়োজনে তিনি জিডি করেছেন। এ ব্যাপারে এসআই আবদুল্লাহ আল মামুন বলেন, ‘উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আমি বক্তব্য দিতে পারি না। তবে যা শুনেছি ঘটনা সত্যি।’ এছাড়া তিনি নিজেও ওসির দ্বারা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে বিচার দাবি করেন। এএসআই শাহনাজ আক্তার ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এটা থানার ভেতরের বিষয়, তাই এ ব্যাপারে তেমন কিছু বিস্তারিত বলতে পারছি না। তবে জিডির বিষয়ে যা শুনেছেন তা সত্যি। এখন উর্ধ্বতন কর্তৃপক্ষ যা সিদ্ধান্ত নেয়। অভিযোগ উঠেছে, ওসির স্ত্রীর বিরুদ্ধে জিডি করার পরপরই এএসআই শাহনাজ আক্তারকে আগৈলঝাড়া থানা থেকে বদলি করে জেলার বানারীপাড়া থানায় নিযুক্ত করা হয়েছে। এছাড়া ওসি মাসুদ খান জরুরি ছাড়পত্র দিয়ে এসআই আবদুল্লাহ আল মামুনকেও অন্য থানায় বদলি করেছেন। তবে অভিযোগ অস্বীকার করেছেন আগৌলঝাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মাসুদ খান। তার দাবি পুরো ঘটনাই ভিত্তিহীন। তিনি বলেন, ‘এমন গুজবের সঙ্গে বাস্তবতার কোনো মিল নেই। আমি এখানে ১০ মাস চাকরি করি। আমাকে বেকায়দায় ফেলানোর জন্য কিছু কিছু তথ্য ছড়ানো হচ্ছে।’ জিডি এবং বদলির বিষয়ে ওসি বলেন, এগুলা হচ্ছে আমাদের অভ্যন্তরীণ বিষয়। আমাদের থানার অভ্যন্তরীণ বিষয় যদি অন্য কারও কাছে যায়, তার মানে কি এইটা একটা সাধারণ নাটক? এইটা যদি আমাদের সিনিয়র অথরিটি জানে, যারা এইটা করতেছে, সরকারি গোপনীয়তা আইন লঙ্ঘন করতেছে, তাদের বিরুদ্ধে তো কঠিন ব্যবস্থা হবে।’ এ বিষয়ে বরিশাল জেলার পুলিশ সুপার এ জেড এম মোস্তাফিজুর রহমান বলেন, ‘এটা নিজেদের মধ্যে একটা ভুল বোঝাবুঝি হয়েছে। আভ্যন্তরীণ যে ব্যবস্থা গ্রহণ করা দরকার তা আমরা করেছি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এ বিষয়ে পুরোপুরি অবগত আছেন।’

সৌদির সড়ক দুর্ঘটনায় প্রাণ গেলো

এসেছে। এক ছেলে ও এক মেয়ে নিয়ে স্ত্রী জেসমিন বেগম অসহায় হয়ে পড়েছেন। তার মরদেহ দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে। মরদেহ দেশে পৌঁছানোর পর জানাজার সময়সূচি জানানো হবে বলেও জানান নিহতের স্ত্রী জেসমিন বেগম। রাজাপুর থানার পুলিশ জানায়, বিষয়টি তারা জানতে পেরেছেন। এ বিষয়ে খোঁজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

বিএনপি নেতাকে ছুরিকাঘাত

আসিফ। এ ঘটনার পর রাত ১০টার দিকে হোসেন মাঝির তিন ছেলেসহ তাঁর স্বজনেরা আসিফকে ধরে মারধর করেন। একপর্যায়ে স্থানীয় লোকজনও এতে যোগ দেন। গণপিটুনিতে গুরুতর আহত আসিফকে পরে পুলিশ উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। হোসেন মাঝির প্রতিবেশী কৃষক মো. শাহজাহান ও মো. হাশেম চৌকিদারের দাবি, মাদক সেবনে বাধা দেওয়ায় হোসেন মাঝিকে ছুরিকাঘাত করেন আসিফ। অন্যদিকে আসিফের মা হালিমা বেগম ও বড় ভাই ইসমাইলের অভিযোগ, হোসেন মাঝির ছেলেসহ স্থানীয় কয়েকজন আসিফকে ফোন করে বাড়ি থেকে ডেকে নিয়ে যান। পরে তাঁকে আনন্দবাজার এলাকার একটি দোকানে আটকে রেখে মারধর করা হয়। তাঁদের দাবি, আসিফকে মাটিতে ফেলে পা দিয়ে পিষে হত্যা করা হয়েছে। মাদক সেবনের মিথ্যা অভিযোগে তাঁকে পিটিয়ে হত্যা করা হয়েছে বলেও দাবি করেন তাঁরা। সদর উপজেলার ইলিশা পুলিশ তদন্তকেন্দ্রের পরিদর্শক বশির আহমেদ বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। পরে স্থানীয় লোকজনের সহায়তায় গুরুতর আহত আসিফকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। বশির আহমেদ আরও বলেন, নিহতের মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় তদন্ত চলছে। আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়াও চলছে।

বরিশালের বিভিন্ন নদ-নদীতে

অভিযানে সহযোগিতা করেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. জামাল হোসাইন ও বরিশালের ব্যাটালিয়ন আনসার সদস্যরা। অভিযানকালে ইউএনও মোছা. ফরিদা সুলতানা জেলেদের মা ইলিশ শিকার থেকে বিরত থাকার আহ্বান জানান। তিনি বলেন, মা ইলিশের নির্বিঘ্ন প্রজনন নিশ্চিত করতে সরকার ঘোষিত নিষেধাজ্ঞা মেনে চলতে হবে। এ নিষেধাজ্ঞা অমান্য করে কেউ মাছ শিকার করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। মৎস্য অফিস জানিয়েছে, ইলিশের প্রজনন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার ঘোষিত ২২ দিনের নিষেধাজ্ঞা বাস্তবায়নে নদ-নদীতে অবৈধ মাছ শিকার বন্ধ এবং নিষিদ্ধ জালের ব্যবহার প্রতিরোধে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে। মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে প্রশাসনের পাশাপাশি জেলে ও স্থানীয় জনগণের সহযোগিতা প্রয়োজন বলে সংশ্লিষ্ট ব্যক্তিরা মনে করছেন।

হিন্দু সমাজকে আ.লীগ রাজনৈতিক হাতিয়ার

ধর্মাবলম্বীদের ব্যবহার করেছে। বিভিন্ন সময়ে রাজনৈতিক স্বার্থে হিন্দু সম্প্রদায়ের বাড়িঘর ও উপাসনালয়ে হামলা, দখল এবং অগ্নিসংযোগের ঘটনা ঘটিয়েছে আওয়ামী লীগ। এসব ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা মামলা করেও প্রত্যাশিত বিচার পাননি বলে তিনি দাবি করেন। বিএনপির অবস্থান তুলে ধরে রহমাতুল্লাহ বলেন, বিএনপি কখনো ধর্মের নামে বিভাজন সৃষ্টি করে না। দলটি সব ধর্মের মানুষের সমান অধিকার, নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করার পক্ষে। সনাতন ধর্মাবলম্বীরা যেন নির্বিঘ্নে তাঁদের ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করতে পারেন, সে বিষয়ে বিএনপি সর্বোচ্চ গুরুত্ব দেয়। তিনি আরও বলেন, সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের সময়ের মতো তারেক রহমানের নেতৃত্বেও বিএনপি সনাতন ধর্মাবলম্বীদের নিরাপত্তা ও অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। বর্তমান বিএনপি সরকারের আমলে সনাতন ধর্মাবলম্বীদের জন্য রাষ্ট্রীয় বরাদ্দ ও নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। রিদর্শনকালে তিনি পূজামণ্ডপের আয়োজক, মন্দির কমিটির নেতৃবৃন্দ এবং স্থানীয় সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে কথা বলেন। দুর্গাপূজা শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনে পারস্পরিক সহযোগিতা, সম্প্রীতি এবং সামাজিক ঐক্য বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

ছাত্রাবাস নির্মাণে সরকারি বরিশাল কলেজের

ছাত্রদলের সভাপতি রফিকুল ইসলাম টিপু সহযোগিতা করছেন বলেও দাবি তাঁদের। স্থানীয় বাসিন্দা দীপু হাফিজুর রহমান বলেন, পুকুরটি দীর্ঘদিন ধরে কচুরিপানায় ভরা ও অস্বাস্থ্যকর ছিল। তবে একটি সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান নিজেদের প্রয়োজনে যথাযথ নিয়ম মেনে জলাশয়টি ভরাট করছে কি না, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যাচাই করে সিদ্ধান্ত নেওয়া উচিত। সরকারি বরিশাল কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রফিকুল ইসলাম টিপু বলেন, ‘এটা একটা ডোবা। সেখানে অশ্বিনী কুমার দত্তের নামে ছাত্রাবাস করব। কলেজ কর্তৃপক্ষ সেখানে বালু ফেলছে।’ তাঁর দাবি, জায়গাটি সিটি করপোরেশনের নয়, কলেজের। রাতে সিটি করপোরেশনের প্রশাসক পুলিশ পাঠিয়ে বালু ফেলা বন্ধ করে দিয়েছেন। কলেজের কাজ তারা কীভাবে বন্ধ করেন, সে প্রশ্নও তোলেন টিপু। বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) বরিশাল বিভাগীয় সমন্বয়ক লিংকন বায়েন বলেন, ‘পুকুরটি ভরাটের চেষ্টা বহু আগে থেকেই চলছে। এ নিয়ে পরিবেশবাদীরা আন্দোলনও করেছেন। পুকুরটি স্থানীয় মানুষের পানির চাহিদা মেটাত এবং এর সঙ্গে অনেক স্মৃতি জড়িয়ে আছে।’ তাঁর অভিযোগ, সরকারি প্রতিষ্ঠানের লোকজনই পরিবেশ আইন লঙ্ঘন করে পুকুরটি ভরাট করছেন। বরিশাল সিটি করপোরেশনের উচ্ছেদ শাখার প্রধান মো. লকিতুল্লাহ শিকদার বলেন, ‘প্রশাসকের নির্দেশে দুপুরে ঘটনাস্থলে গিয়েছিলাম। অধ্যক্ষের সঙ্গে কথা বলেছি। তিনি কাজ বন্ধ রাখবেন বলে জানিয়েছেন। অন্যথায় আইনগত পদক্ষেপ নেওয়া হবে।’ লকিতুল্লাহ শিকদার আরও বলেন, প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ অনুযায়ী মহানগরীর মধ্যে কোনো পুকুর ভরাট দণ্ডনীয় অপরাধ। এর শ্রেণি পরিবর্তনও নিষিদ্ধ। এ বিষয়ে কলেজের অধ্যক্ষ মো. মহিউদ্দিন বলেন, ‘ছাত্রাবাস নির্মাণের জন্য পুকুরটি ভরাট করা হচ্ছিল। তবে বাধা পাওয়ায় আর ভরাট করা হবে না।’ তাঁর দাবি, কলেজের গঠিত তিন সদস্যের একটি কমিটি ভরাটের কাজের দায়িত্বে ছিল। পরিবেশ অধিদপ্তরের বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কাজী সাইফুদ্দিন বলেন, ‘খবর পেয়ে সকালে লোক পাঠানো হয়েছিল। পরিবেশ আইন লঙ্ঘন করে পুকুর ভরাটের সত্যতা পাওয়া গেছে। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষকে নোটিশ দেওয়া হচ্ছে।’

সাংস্কৃতিক অনুষ্ঠানে আলোচনা

তাই যারা এ ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করেন তাদের প্রতি আমার বিশেষ অনুরোধ, শুধু সাংস্কৃতিক অনুষ্ঠানটাই করেন। যে আলোচনা কেউ উপভোগ করতে চায় না সে পর্বটা রাখার দরকার কি? শুধু শুধু আলোচকদের বিব্রত করার দরকার কি? আমার মতে আলোচনা হতে পরে সেমিনার। সেখানে সাহিত্য দর্শন নিয়ে বিস্তর আলোচনা হবে। বোদ্ধাগণ সেখানে উপস্থিত থাকবেন। যারা হৃদয় দিয়ে বিষয়টাকে উপলব্ধি করবেন, সময়ের ব্যারিয়ার থাকবে না। যেখানে বক্তা তার গবেষণার সবটা উগরে দিতে পারবেন।

কবি ফররুখ আহমদের

পাখির বাসা (১৯৬৫), হরফের ছড়া (১৯৬৮), নতুন লেখা (১৯৬৯), ছড়ার আসর (১৯৭০), নয়া জামাত (১৯৫০), হে বন্য স্বপ্নেরা (১৯৭৬), ইকবালের নির্বাচিত কবিতা (১৯৮০), চিড়িয়াখানা (১৯৮০), কাফেলা (১৯৮০), হাবেদা মরুর কাহিনী (১৯৮১), সিন্দাবাদ (১৯৮৩), কিস্‌সা কাহিনী (১৯৮৪), ফুলের জলসা (১৯৮৪), তসবির নামা (১৯৮৬), মাহফিল (১৯৮৭), ফররুখ আহমদের গল্প (১৯৯০), ঐতিহাসিক অনৈতিহাসিক কাব্য (১৯৯১), দিলরুবা (১৯৯৪) প্রভৃতি তাঁর অমর সাহিত্যকীর্তি। ফররুখ আহমদের লেখা গান আজও আত্মবিশ্বাসী করে তোলে নতুন প্রজম্মকে-

‘তোরা চাসনে কিছু কারো কাছে খোদার মদদ ছাড়া, তোরা পরের উপর ভরসা ছেড়ে নিজের পায়ে দাঁড়া’

কিংবা

রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?/ এখনো তোমার আসমান ভরা মেঘে? /সেতারা হেলাল এখনো ওঠেনি জেগে? / তুমি মাস্তলে আমি দাঁড় টানি ভুলে; / অসীম কুয়াশা জাগে শূন্যতা ঘেরি....

এমনি অসংখ্য গান-কবিতা আর সাহিত্যের মধ্য দিয়ে মানুষের হৃদয়ে যুগ থেকে যুগান্তরে বেচে থাকবেন কবি ফররুখ আহমদ।

সুপারি বাগানে জুয়ার আসর

হোসেন (২৭), মো. রাকিব (৩৬), মো. মোতাসিম (৪০) ও মো. মনির (৩১)। তাঁদের সবার বাড়ি ভোলা সদর উপজেলার বিভিন্ন এলাকায়। তাঁদের মধ্যে রাকিবের বিরুদ্ধে মাদকসহ বিভিন্ন মামলা রয়েছে বলে জানিয়েছে পুলিশ। ভোলা ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. এমদাদুল হক জানান, অভিযানের সময় জুয়া খেলা অবস্থায় সাতজনকে আটক করা হয়। ঘটনাস্থল থেকে জুয়া খেলার সরঞ্জাম ও নগদ ৩৩ হাজার টাকা উদ্ধার করা হয়। আটক ব্যক্তিদের বিরুদ্ধে ভোলা সদর মডেল থানায় মামলা করা হয়েছে।

ডিসেম্বরের মধ্যে দেশে গৃহযুদ্ধের ষড়যন্ত্র

স্থানীয় সাংবাদিকদের সঙ্গে আয়োজিত সংক্ষিপ্ত প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। সাবেক এই স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "ষড়যন্ত্রকারীদের মূল উদ্দেশ্য হলো দেশে কৃত্রিম অস্থিতিশীলতা তৈরি করা এবং সুযোগ বুঝে শেখ হাসিনাকে পুনরায় দেশে ফিরিয়ে এনে ক্ষমতায় বসানো। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার যাতে নির্বিঘ্নে তাদের কার্যক্রম পরিচালনা করতে না পারে, সেজন্য বিভিন্ন দিক থেকে অপচেষ্টা চালানো হচ্ছে। তবে দেশপ্রেমিক জনগণ ও সরকারের সচেতনতায় এসব চক্রান্ত কখনোই সফল হবে না।" দেশের সাম্প্রতিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ও স্পর্শকাতর কয়েকটি ঘটনার দিকে ইঙ্গিত করে তিনি জানান, দুর্গাপূজার প্রাক্কালে পুলিশ 'দেবাশীষ' নামের এক ব্যক্তিকে এবং পরবর্তীতে 'গুলশান আরা' নামের দুবাইপ্রবাসী এক নারীকে গ্রেফতার করে। অভিযুক্ত ওই নারী দেশে ফিরে সামাজিক বিশৃঙ্খলা ও সংঘাত সৃষ্টির পরিকল্পনার সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন বলে প্রমাণ পাওয়া গেছে। আলতাফ হোসেন চৌধুরী আরও অভিযোগ করে বলেন, "টেকনাফ থেকে তেঁতুলিয়া এবং রূপসা থেকে রূপসা-পাথুরিয়া পর্যন্ত দেশের বিভিন্ন স্থানের মন্দিরে হামলা ও প্রতিমা ভাঙচুরের একটি সুসংগঠিত নীলনকশা তৈরি করা হয়েছিল। এসব অপকর্ম ঘটিয়ে তার দায়ভার সরকারের ওপর চাপানো এবং আন্তর্জাতিক অঙ্গনে সরকারকে দুর্বল ও ব্যর্থ হিসেবে চিত্রায়িত করাই ছিল ষড়যন্ত্রকারীদের মূল উদ্দেশ্য।" এই পরিস্থিতিতে দেশের স্থিতিশীলতা ও দীর্ঘদিনের ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি বজায় রাখতে সংশ্লিষ্ট সবাইকে সার্বক্ষণিক সতর্ক ও সচেষ্ট থাকার আহ্বান জানান তিনি। এর আগে, পটুয়াখালী-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর এটিই ছিল জেলা পরিষদে আলতাফ হোসেন চৌধুরীর প্রথম আনুষ্ঠানিক পরিদর্শন। সকালে তিনি অনুষ্ঠানস্থলে পৌঁছালে জেলা পরিষদের প্রশাসক স্নেহাংশু সরকার কুট্টি তাঁকে ফুল দিয়ে উষ্ণ অভ্যর্থনা ও শুভেচ্ছা জানান। পরবর্তীতে আয়োজিত মতবিনিময় সভায় পটুয়াখালী জেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড, জেলা পরিষদের কার্যক্রমকে আরও গতিশীল করা এবং দ্রুত নাগরিক সেবা নিশ্চিতকরণের নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রধান অতিথির বক্তব্যে জেলা পরিষদের ভূমিকার ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, "পটুয়াখালী জেলার সুষম ও সার্বিক উন্নয়নে জেলা পরিষদ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই কর্মকর্তা-কর্মচারীদের পূর্ণ নিষ্ঠা, সততা ও স্বচ্ছতার সঙ্গে নিজ নিজ অর্পিত দায়িত্ব পালন করতে হবে।" পটুয়াখালী জেলা পরিষদের প্রশাসক স্নেহাংশু সরকার কুট্টির সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. কামরুল হাসান সোহেল, জেলা বিএনপির সাবেক সহসভাপতি মাকসুদ আহমেদ বায়েজিদ পান্না, জেলা বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ওয়াহিদ সরোয়ার কালাম এবং বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের পটুয়াখালী জেলা ইউনিটের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শরীফ মো. সালাহউদ্দিন। এ ছাড়া সভায় বিএনপি ও এর বিভিন্ন অঙ্গ-সহযোগী সংগঠনের স্থানীয় নেতৃবৃন্দ এবং জেলা পরিষদের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

আলীগঞ্জ মাদ্রাসার প্রাক্তন ছাত্র

ফোরামের উপদেষ্টা হাফেজ মো. আবুল বাশার। ছাত্র ফোরামের উপদেষ্টা ডক্টর কে এ এম সাইফুল ইসলাম, এম এ জসিম, ওবায়দুল্লাহ বাদল, হিজলা পিএন এক্স-স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মাসুদ রানা ও সাধারণ সম্পাদক মামুনুর রশিদ সহ মাদ্রাসার কৃতি শিক্ষার্থীরা। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মো. কবির হোসেন মাতাব্বর দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত সকল প্রাক্তন শিক্ষার্থীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, ভবিষ্যতে আমরা যেন এর চেয়েও সুন্দর আয়োজন উপহার দিতে পারি, সে জন্য সকলের সহযোগিতা কামনা করছি।

মীরগঞ্জ সেতুতে বদলে যাবে দক্ষিণাঞ্চলের

এলাকার যোগাযোগব্যবস্থার উন্নয়ন ঘটবে। পাশাপাশি দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণ এবং শিল্পায়নের পথ সুগম হবে। জয়নুল আবেদীন বলেন, 'মীরগঞ্জ সেতু নির্মাণের বিষয়ে বিভিন্ন সময়ে অপপ্রচার চালানো হয়েছে, যাতে প্রকল্পটি বাস্তবায়িত না হয়। কিন্তু কোনো অপপ্রচারই এ উদ্যোগকে থামাতে পারেনি। এটি বাংলাদেশ সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। সেতুটি নির্মাণে আর কোনো বাধা নেই।' তিনি আরও বলেন, সেতু নির্মাণকাজ দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান, প্রকল্পসংশ্লিষ্ট কর্মকর্তা এবং স্থানীয় জনগণের সমন্বিত সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে জমি অধিগ্রহণের মতো গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে স্থানীয় বাসিন্দাদের সহযোগিতা কামনা করেন তিনি। একই সঙ্গে নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণকাজ শেষ করতে ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান। সড়ক ও জনপথ অধিদপ্তর সূত্রে জানা গেছে, রহমতপুর-বাবুগঞ্জ-হিজলা-মুলাদী মহাসড়কের (জেড-৮০৩৪) অষ্টম কিলোমিটারে আড়িয়াল খাঁ নদের ওপর মীরগঞ্জ সেতু নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রস্তাবিত সেতুটির দৈর্ঘ্য প্রায় ১ হাজার ৪৮৪ মিটার। এ ছাড়া প্রকল্পের আওতায় প্রায় ৪ হাজার ৪৭৩ মিটার সংযোগ সড়ক নির্মাণ, টোল প্লাজা স্থাপন এবং নদীতীর রক্ষার কাজ অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ফেরিনির্ভর যোগাযোগের ভোগান্তি কমবে এবং সংশ্লিষ্ট এলাকাগুলোর মধ্যে সড়ক যোগাযোগ আরও সহজ হবে। এতে কৃষিপণ্য পরিবহন, ব্যবসা-বাণিজ্যের প্রসার, কর্মসংস্থান সৃষ্টি এবং পর্যটন ও শিল্প খাতে বিনিয়োগের সম্ভাবনাও বাড়বে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের বরিশাল অঞ্চলের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ফজলে রাব্বি, বরিশাল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম, প্রকল্প পরিচালক ফারহানা হোসনা , চীনা ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশনের ঊর্ধ্বতন কর্মকর্তারা, বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা, উপজেলা বিএনপির আহ্বায়ক সুলতান আহমেদ খান এবং সচিব ওয়াহিদুল ইসলাম প্রিন্সসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। মীরগঞ্জ সেতু নির্মিত হলে বাবুগঞ্জ, মুলাদী ও মেহেন্দিগঞ্জসহ আশপাশের এলাকার প্রায় ১০ লাখ মানুষের যোগাযোগব্যবস্থা ও জীবনযাত্রায় ইতিবাচক পরিবর্তন আসবে বলে আশা করছেন স্থানীয় বাসিন্দারা। দীর্ঘদিনের এই দাবি বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের আঞ্চলিক যোগাযোগ ও অর্থনৈতিক উন্নয়নে সেতুটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

কাউখালীতে জমে

জরুরি প্রয়োজন মেটাতে সুপারি বিক্রির অর্থের ওপর নির্ভর করে অনেক পরিবার। ফলে সুপারি এ অঞ্চলের মানুষের জীবিকা ও আর্থিক সচ্ছলতার অন্যতম উৎস হয়ে উঠেছে। উপজেলা সদরে দক্ষিণ বাজারে প্রতি সপ্তাহের শুক্রবার ও সোমবার বসে সুপারির বড় হাট। মৌসুমে দেশের বিভিন্ন অঞ্চল থেকে ব্যবসায়ীরা সুপারি কিনতে এখানে আসেন। স্থানীয় চাহিদা মেটানোর পাশাপাশি এসব সুপারি দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হয়। কিছু সুপারি বিদেশেও রপ্তানি হয়। সাধারণত ফাল্গুন থেকে আষাঢ় মাস পর্যন্ত শুকনো সুপারির বেচাকেনা বেশি থাকে। অন্যদিকে শ্রাবণ থেকে অগ্রহায়ণ মাস পর্যন্ত পাকা সুপারির বাজার জমজমাট থাকে। বর্তমানে বাজারে সুপারির মান ও আকারভেদে প্রতি কুড়ি (২১০টি) বিক্রি হচ্ছে ৩৫০ থেকে ৬০০ টাকায়। ভালো মানের ও আকারে বড় সুপারি তুলনামূলক বেশি দামে বিক্রি হচ্ছে। এতে চাষি ও ব্যবসায়ীদের মধ্যে স্বস্তি দেখা দিয়েছে। স্থানীয় সুপারি ব্যবসায়ী মুন হোসেন ও মো. মাসুদ জানান, এ বছর আবহাওয়া অনুকূলে থাকায় সুপারির ফলন মোটামুটি ভালো হয়েছে। বাজারেও সন্তোষজনক দাম পাওয়া যাচ্ছে। ফলে চাষিদের পাশাপাশি ব্যবসায়ীরাও লাভের আশা করছেন। উপজেলার ডুমজুরি গ্রামের সুপারি বাগানমালিক মো. মোস্তফা আলম বলেন, গত বছরের তুলনায় এবার বাগানে ফলন ভালো হয়েছে। বাজারদরও সন্তোষজনক। এ কারণে এবার প্রতিটি সুপারি বাগান তিন থেকে পাঁচ লাখ টাকায় বিক্রি হয়েছে। পারসাতুরিয়া গ্রামের সুপারি বাগানমালিক ইউলেট মিয়া বলেন, এ বছর আমার বাগানে সুপারির ফলন বেশ ভালো হয়েছে। দামও ভালো পেয়েছি। প্রতিটি বাগান পাঁচ থেকে ১০ লাখ টাকা পর্যন্ত বিক্রি করেছি। উপজেলার সুবিদপুর গ্রামে সুপারি উৎপাদনের পরিমাণ তুলনামূলক বেশি। এ গ্রামের অনেক পরিবার সুপারি বিক্রি করে সারা বছরের সংসার খরচের বড় একটি অংশ জোগাড় করে। স্থানীয়দের মতে, কাউখালীর সুপারি আকারে বড়, স্বাদে মিষ্টি ও কষ কম হওয়ায় ক্রেতাদের কাছে এর আলাদা চাহিদা রয়েছে। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে কাউখালীতে প্রায় ৬৮ হেক্টর জমিতে সুপারি চাষ হয়েছে। গত বছর উপজেলায় প্রায় ৩৮০ মেট্রিক টন সুপারি উৎপাদিত হয়েছিল। চলতি মৌসুমেও ভালো ফলনের সম্ভাবনা রয়েছে। কাউখালী উপজেলা কৃষি কর্মকর্তা সোমা রানী দাস বলেন, কাউখালীর মাটি, আবহাওয়া ও পরিবেশ সুপারি চাষের জন্য বেশ উপযোগী। এ কারণে এখানে সুপারির ফলন ভালো হয়। কৃষকেরা দীর্ঘদিন ধরে অভিজ্ঞতার সঙ্গে সুপারি চাষ করে আসছেন। কৃষি বিভাগের পক্ষ থেকেও মাঠপর্যায়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও প্রশিক্ষণ দেওয়া হয়। সঠিক পরিচর্যা, রোগবালাই দমন এবং আধুনিক কৃষি ব্যবস্থাপনা অনুসরণ করতে পারলে সুপারির উৎপাদন ও গুণগত মান আরও বাড়ানো সম্ভব।

বিএনপির অফিস ভাঙচুর

(ওসি) সেলিম উদ্দিন জানান, বিএনপি কার্যালয় ভাঙচুর ও মারামারির মামলায় অভিযুক্ত আসামি সাইফুল ইসলাম কামাল ফরাজিকে গ্রেফতার করা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে তাঁকে আদালতে পাঠানো হয়েছে।

১ জানুয়ারির মধ্যে ১০ম গ্রেড

থেকে সহকারী শিক্ষকদের ১০ম গ্রেডে উন্নীত করা, চাকরির ১০ ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পাওয়ার জটিলতা নিরসন এবং সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে শতভাগ বিভাগীয় পদোন্নতি নিশ্চিত করা। লিখিত বক্তব্যে বলা হয়, বিএনপির নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনায় প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষকদের অর্থনৈতিক সুবিধা ও সামাজিক মর্যাদা বৃদ্ধির বিষয়টি গুরুত্ব পেয়েছে। তবে এ বিষয়ে দৃশ্যমান অগ্রগতি না থাকায় শিক্ষকরা উদ্বিগ্ন। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের পাশাপাশি শিক্ষকদের জীবনমান উন্নয়নের ওপর গুরুত্বারোপ করে মাহবুবুর রহমান বলেন, ভবিষ্যতের আদর্শ নাগরিক গড়ে তোলার ক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই তাঁদের ন্যায্য দাবি পূরণ ও সামাজিক মর্যাদা নিশ্চিত করা প্রয়োজন। আগামী বছরের ১ জানুয়ারি শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়ার সময়ের মধ্যে ১০ম গ্রেডসহ তিন দফা দাবি বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান শিক্ষক নেতারা।

ফেসবুক লাইভে স্বামীর বিরুদ্ধে

বোন জুলি বেগম বলেন, মাসুদের নির্যাতনের কথা তারা শুনেছেন। এ ঘটনায় তারা মামলা করবেন। অভিযুক্ত মাসুদ খানের মুঠোফোন বন্ধ থাকায় তার সাথে যোগাযোগ করা যায়নি। শরণখোলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রোকেয়া খানম বলেন, জুইয়ের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। মৃত্যুর আগে ফেসবুক লাইভে দেওয়া তার ভিডিওটি পর্যালোচনা করা হবে। পলাতক মাসুদকে খুঁজছে পুলিশ। তবে এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে এখনো লিখিত অভিযোগ দেওয়া হয়নি।

মুলাদীতে লঞ্চঘাটের টোলঘর

পরে তল্লাশি চালিয়ে তাঁর কাছ থেকে ৫০০টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। ঘটনার সত্যতা নিশ্চিত করে মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে। গ্রেফতার ব্যক্তিকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

কচাঁ নদীতে বালু উত্তোলন

বলেন, সংশ্লিষ্ট উর্দ্ধতন কতৃপক্ষের সাথে এ বিষয়ে আলোচনা সাপেক্ষে দ্রুত এ সমস্যা সমাধানের আশ্বাসে মানববন্ধন তুলে নেয় এলাকাবাসী। মানববন্ধনে বক্তারা বলেন, কচাঁ নদীর চরখালী মোহনায় অবৈধ বালু উত্তোলন বন্ধ না হলে নদীতীরবর্তী এলাকার ঘরবাড়ি, বসতভিটা ও জনপদ মারাত্মক ঝুঁকির মুখে পড়তে পারে। তাই জনস্বার্থে অবৈধ বালু উত্তোলন বন্ধে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। তারা আরও বলেন, নদীভাঙন রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ, নদীতীরবর্তী মানুষের বসতভিটা রক্ষা এবং অবৈধ বালু উত্তোলনের সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। মানববন্ধনে বক্তব্য রাখেন, পিরোজপুর জেলা ট্যাক্সী, অটোরিক্সা, অটোটেম্পো, মালিক সমিতির সাধারণ সম্পাদক যুবদল নেতা মো. আল-আমীন হাওলাদার, ইউপি সদস্য মো. মনিরুল ইসলাম, আবদুল ওহাব মাঝি, মানিক মৃধা প্রমুখ।

মোবাইল নম্বর ব্লক করায় দুই বান্ধবীকে

করতেন। কয়েক দিন আগে তুচ্ছ একটি বিষয় নিয়ে তাঁদের মধ্যে কথা-কাটাকাটি হয়। এর জেরে দুই ছাত্রী ওই সহপাঠীর মোবাইল ফোন নম্বর ব্লক করে দেন। এতে ক্ষুব্ধ হয়ে ওই সহপাঠী বৃহস্পতিবার অন্য এক সহপাঠীর মাধ্যমে তাঁদের শ্রেণিকক্ষ থেকে ডেকে নেন। পরে ওই সহপাঠীর বড় বোন নাসরিন আক্তারসহ কয়েকজন বহিরাগত তাঁদের ওপর হামলা চালান বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। লিখিত অভিযোগে দুই ছাত্রী জানান, হামলাকারীরা তাঁদের চুল ধরে টানাটানি করেন, পেটে লাথি মারেন এবং কিল-ঘুষি ও চড়-থাপ্পড় দিয়ে শারীরিকভাবে নির্যাতন করেন। এ সময় জুতাপেটা করার পাশাপাশি পোশাক ধরে টানাটানি করে তাঁদের লাঞ্ছিত করা হয়। তাঁদের প্রাণনাশের হুমকি দেওয়া হয় এবং কলেজে আসা ও পড়াশোনা বন্ধ করে দেওয়ারও হুমকি দেওয়া হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, কলেজ চত্বরে কয়েকজন তরুণী ও ছাত্রী বাগ্?বিতণ্ডায় জড়িয়ে পড়েছেন। একপর্যায়ে তাঁদের মধ্যে মারামারি শুরু হয়। ভিডিওতে কয়েকজনকে দুই ছাত্রীর চুল ধরে টানতে, চড়-থাপ্পড় মারতে এবং জুতাপেটা করতে দেখা যায়। ভুক্তভোগী এক ছাত্রী বলেন, তাঁরা কলেজে নিরাপদ ও স্বাভাবিক পরিবেশে পড়াশোনা চালিয়ে যেতে চান। ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার জন্য তাঁরা উপজেলা প্রশাসনের কাছে আবেদন জানিয়েছেন। তবে অভিযুক্ত ছাত্রীর বড় বোন নাসরিন আক্তার বহিরাগতদের নিয়ে হামলা ও লাঞ্ছিত করার অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর দাবি, ছোট বোনের নামে বদনাম করায় ওই দুই ছাত্রীকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। এ সময় হাতাহাতির ঘটনা ঘটে। এ বিষয়ে ইউএনও মো. গোলাম সরওয়ার বলেন, ঘটনাটি কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থীদের মধ্যে ঘটেছে। বিষয়টি সমাধানের দায়িত্ব কলেজের অধ্যক্ষকে দেওয়া হয়েছে। তিনি ব্যর্থ হলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। মুলাদী সরকারি কলেজের অধ্যক্ষ মো. দেলোয়ার হোসেন বলেন, শিক্ষার্থীদের মারধর ও লাঞ্ছিত করার অভিযোগ তদন্তে দুই শিক্ষকের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ইউএনও ও থানার ওসিকে লিখিতভাবে জানানো হয়েছে।

আলীগঞ্জ মাদ্রাসার প্রাক্তন ছাত্র ফোরামের উদ্যোগে স্মরণসভা ও দোয়া মাহফিল -কীর্তনখোলা

স্মরণ সভা ও দোয়া মাহফিল

দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড: সৌদি রাষ্ট্রদূতকে

সুনির্দিষ্ট ও পূর্ণাঙ্গ তথ্য জানতে চেয়ে রাষ্ট্রদূতের কাছে একটি কূটনৈতিকপত্র দেওয়া হয়েছে। রোববার দুপুরে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (দ্বিপক্ষীয় বিষয়াবলি) মো. নজরুল ইসলাম বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত আবদুল্লাহ বিন জাফর এইচ বিন আবিয়ার সঙ্গে এ বিষয়ে জরুরি বৈঠক করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করে বলেন, সামগ্রিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। প্রসঙ্গত, গত বুধবার (১৪ অক্টোবর) সৌদি অনলাইন সংবাদমাধ্যম আজেলসহ মধ্যপ্রাচ্যের একাধিক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়, মক্কা অঞ্চলে একটি মসজিদের অভ্যন্তরে অনৈতিক কাজে জড়িত থাকার অভিযোগে নজরুল ইসলাম আবদুল বশীর ও সিতি আকতার নামের দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। এর আগে শনিবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম সাংবাদিকদের জানান, দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের বিষয়ে বাংলাদেশ মিশনকে আনুষ্ঠানিকভাবে কোনো আগাম বার্তা দেয়নি সৌদি কর্তৃপক্ষ। তিনি উল্লেখ করেন, জেদ্দাস্থ বাংলাদেশ মিশনের শ্রম উইং থেকে জানা গেছে–মক্কার একটি মসজিদের পবিত্রতা ক্ষুণ্ন করে অনৈতিক বা ব্যভিচারজনিত কাজে লিপ্ত হওয়ার অভিযোগে সৌদি আইনি কাঠামো অনুযায়ী এই কঠোর দণ্ড দেওয়া হয়েছে। তবে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ কিছু না পাওয়ায় বিস্তারিত জানতে চিঠি দেওয়া হয়েছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী এ ঘটনাকে 'আমাদের জন্য বড় শিক্ষা' আখ্যা দিয়ে প্রবাসী বাংলাদেশিদের সংশ্লিষ্ট দেশের আইনকানুন মেনে চলার পরামর্শ দেন। কনস্যুলার সম্পর্কবিষয়ক ভিয়েনা কনভেনশন অনুযায়ী কোনো বিদেশি নাগরিক গ্রেফতার হলে বা আইনি প্রক্রিয়ার মুখোমুখি হলে আটককারী দেশ সংশ্লিষ্ট দেশের দূতাবাসকে অবহিত করতে বাধ্য। কিন্তু এই দুই বাংলাদেশির ক্ষেত্রে কোনো আনুষ্ঠানিক কূটনৈতিক তথ্য দেওয়া হয়নি এবং কেন মৃত্যুদণ্ড কার্যকরের পূর্বে বাংলাদেশকে অবহিত করা হয়নি।

যুক্তরাষ্ট্রকে ইরান: শর্ত মানলে

আরাঘচি। রোববার দেশটির সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি ওই প্রস্তাব মেনে নেওয়ার জন্য যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়েছেন। অন্তর্বর্তীকালীন এক যুদ্ধবিরতি ভেস্তে যাওয়ার পর গত সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে ইরান ওই প্রস্তাব উত্থাপন করেছিল। পরবর্তীতে ওয়াশিংটনের প্রতিক্রিয়া পাওয়ার কথা স্বীকার করলেও হরমুজ প্রণালি খুলে দেওয়ার জন্য ইরানের দেওয়া সাতটি শর্ত পূরণ করতে ব্যর্থ হওয়ায় আলোচনা স্থবির হয়ে পড়েছে বলে গত সপ্তাহে জানান তেহরানের নিরাপত্তা প্রধান। অর্গানাইজেশন অব ইসলামিক কোঅপারেশনের (ওআইসি) বৈঠকে যোগ দিতে বাগদাদে অবস্থানকালে আরাঘচি বলেছিলেন, ''আমরা যুক্তরাষ্ট্রকে যে সাত দিনের প্রস্তাব দিয়েছি, তার ওপর ভিত্তি করেই আমাদের অবস্থান পরিষ্কার এবং নির্ধারিত। তারা তাদের মতামত জানিয়েছে; যা আমরা পর্যালোচনা করছি। তবে আমাদের প্রস্তাব এখনও বহাল রয়েছে। যুক্তরাষ্ট্রের যদি বিন্দুমাত্র সততা থাকে; যেটি আসলে নেই, তাহলে হরমুজ প্রণালি খুলে দেওয়ার পথ একেবারেই স্পষ্ট।'' ইরানের দেওয়া শর্তগুলোর মধ্যে অন্যান্য দাবির পাশাপাশি রয়েছে, ইরানি বন্দরগুলোর ওপর থেকে মার্কিন অবরোধ প্রত্যাহার, দেশটির জ্বালানি তেল রপ্তানির ওপর থেকে মার্কিন নিষেধাজ্ঞা তুলে নেওয়া এবং আঞ্চলিক সমস্ত ফ্রন্টে বৈরীতা বন্ধ করা। আরাঘচি বলেন, ওয়াশিংটন যদি তেহরানের শর্তগুলো মেনে নেয়, তাহলে ছয় দিনের মধ্যে প্রণালিটি পুনরায় খুলে দেওয়া সম্ভব এবং এর পরদিনই পুনরায় আনুষ্ঠানিকভাবে আলোচনা শুরু হতে পারে। শুরু থেকেই দুই দেশের মধ্যে বিরোধের অন্যতম প্রধান বিষয় হয়ে দাঁড়িয়েছে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্রের আলোচনার জেদ। চলতি মাসের শুরুর দিকে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স বলেছিলেন, যুক্তরাষ্ট্রের দাবি পূরণ এবং দুই দেশের আট মাসব্যাপী চলা এই যুদ্ধ অবসানে ইরানকে অবশ্যই তাদের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ সক্ষমতা উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে হবে। তবে তেহরান বলেছে, আলোচনার শুরুতেই হরমুজ প্রণালি পুনরায় চালু করা এবং সমুদ্রপথটিতে নিরাপত্তা ফিরিয়ে আনার দিকে মনোযোগ দেওয়া উচিত। যুদ্ধের আগে বিশ্বের মোট উৎপাদিত জ্বালানি তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) প্রায় এক-পঞ্চমাংশ এই প্রণালি দিয়ে পরিবহন করা হতো।

তেঁতুলিয়া নদীর ভাঙনে অসহায়

কোন পরিবারের, তা নির্দিষ্ট করে বলতে পারেননি স্থানীয়রা। নদীতে বিলীন হওয়া ওই এলাকার বাড়িঘরের আর কোনো চিহ্ন না থাকায় এমনকি নিকটবর্তী চৌকিদার বাড়ির বাসিন্দারাও এর পরিচয় শনাক্ত করতে পারেননি। স্থানীয় সূত্রে জানা গেছে, গত কয়েক দশক ধরে তেঁতুলিয়া নদীর বিধ্বংসী ভাঙনে ধুলিয়া, কেশবপুর, নাজিরপুর, কালাইয়া এবং চন্দ্রদ্বীপ ইউনিয়নের ৮/১০ হাজারেরও বেশি বসতঘর, কয়েক হাজার হেক্টর আবাদি জমি, পাকা ও কাঁচা সড়ক, বেড়িবাঁধসহ নানা স্থাপনা বিলীন হয়ে গেছে। বর্তমানেও ভাঙনের তীব্রতা অব্যাহত থাকলেও সরকারি উদ্যোগে এখন পর্যন্ত টেকসই বেড়িবাঁধ নির্মাণ করা হয়নি। কোনো কোনো পয়েন্টে অতীতে জিও ব্যাগে বালু ফেলা হলেও তার সিংহভাগই নদীর তীব্র স্রোতে ভেসে গেছে। নদীপাড়ের বাসিন্দারা প্রতিনিয়ত চরম আতঙ্কের মধ্য দিয়ে দিন-রাত পার করছেন। নাজিরপুর ইউনিয়নের বড় ডালিমা গ্রামের ইউপি সদস্য মুজাহিদুল ইসলাম বলেন, ডালিমা ও নিমদি পয়েন্টে তেঁতুলিয়ার অব্যাহত ভাঙনে একটি পাকা সড়কের বেশ কয়েকটি অংশ নদীতে চলে গেছে। অবিলম্বে স্থায়ীভাবে নদীভাঙন রোধ করা না গেলে ডালিমা ও নিমদি গ্রাম দুটি অচিরেই দেশের মানচিত্র থেকে চিরতরে হারিয়ে যাবে। চন্দ্রদ্বীপ ইউনিয়নের বাসিন্দা জালাল সরদার আক্ষেপ করে বলেন, তেঁতুলিয়া নদী শুধু পশ্চিম পাড়ই ভাঙছে না, নদীর মধ্যবর্তী পূর্ব পাড়ের খেয়াঘাট এলাকা, দক্ষিণ চর ব্যারেট ও বেড়িবাঁধসহ বিশাল জনপদ গিলে খেয়েছে। নিঃস্ব হয়ে পড়া বহু পরিবার তাদের ঘরবাড়ি অন্যত্র সরিয়ে নিচ্ছেন। এ বিষয়ে বাউফল উপজেলা বিএনপির সদস্য সচিব আপেল মাহমুদ ফিরোজ বলেন, সম্প্রতি পটুয়াখালী সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য সেলিমা রহমান তেঁতুলিয়া নদীর ভাঙনকবলিত এলাকাগুলো সশরীরে পরিদর্শন করেছেন এবং ভাঙন প্রতিরোধে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। বাউফলের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, নদীভাঙন রোধ ও স্থায়ী বেড়িবাঁধ নির্মাণের জন্য তিনি একাধিকবার পানিসম্পদ মন্ত্রণালয়ে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে জোর অনুরোধ জানিয়েছেন। এছাড়া তিনি নিজে ভাঙনকবলিত এলাকাগুলো সরেজমিন পরিদর্শন শেষে সরকারের কাছে একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা পেশ করেছেন। প্রতিনিয়ত জমিজমা ও পূর্বপুরুষের স্মৃতিচিহ্ন হারিয়ে নিঃস্ব হতে বসা নদীপাড়ের মানুষের আকুল আকুতি কাগজে-কলমে আশ্বাস নয়, অবিলম্বে তেঁতুলিয়া নদীর তীরে একটি স্থায়ী ও টেকসই বেড়িবাঁধ নির্মাণ করে তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার ব্যবস্থা করা হোক।

রাজাপুর বিকাশ ব্যবসায়ীকে কুপিয়ে ছিনতাইয়ের অভিযোগ

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে সুমন মৃধা নামে এক বিকাশ ব্যবসায়ীকে কুপিয়ে আহত করে তার ব্যাগে থাকা ৭ লাখের বেশি টাকা, ৪টি মোবাইল ফোনসহ মালামাল ছিনতাইয়ের অভিযোগ উঠেছে। শনিবার রাতে বাড়ি ফেরার পথে উপজেলার হাজিরহাট গ্রামের খালেকের ব্রীজ এলাকায় এ ঘটনা ঘটে। আহত সুমন মৃধা উপজেলার বারবাকপুর গ্রামের রুস্তম আলী মৃধার ছেলে। তিনি হাজিরহাট এলাকায় বিকাশের ব্যবসা করেন। সুমনের অভিযোগ, শনিবার রাতে দোকান বন্ধ করে বাড়ি ফেরার পথে পাঁচজন ব্যক্তি পেছন থেকে ধারালো অস্ত্র দিয়ে তার ওপর হামলা চালায়। এ সময় তাকে কুপিয়ে মাথায় জখম করা হয়। পরে হামলাকারীরা তার সঙ্গে থাকা টাকাভর্তি ব্যাগ ও চারটি মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। পরে স্থানীয় লোকজন তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুজন বিশ্বাস জানান, পুলিশ হাসপাতালে গিয়েছিল। ঘটনাটি তদন্ত করে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

অক্টোবরের ১৮ দিনে ডেঙ্গুতে প্রাণহানি ১০০ ছাড়াল

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গুর প্রকোপে মৃত্যুর সংখ্যা বাড়ছেই। নতুন করে এ রোগে আরও ছয়জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি অক্টোবরের প্রথম ১৮ দিনে ডেঙ্গুতে প্রাণহানি ১০০ ছাড়িয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ২ হাজার ৮৮ জন। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক হালনাগাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এতে শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার হিসাব তুলে ধরা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যে অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ছয়জনের মধ্যে ঢাকা সিটির বাইরের হাসপাতালে একজন, ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকার হাসপাতালে দুজন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) এলাকার হাসপাতালে দুজন এবং সিলেটে একজন চিকিৎসাধীন ছিল। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারিতে ডেঙ্গুতে দুজনের মৃত্যু হয়। ফেব্রুয়ারিতেও মারা যায় দুজন। এরপর মে মাসে একজন, জুনে ১৩, জুলাইয়ে ৩৬, আগস্টে ৪৩ এবং সেপ্টেম্বরে ১৪৮ জনের মৃত্যু হয়। অক্টোবরে এখন পর্যন্ত মারা গেছে ১০৩ জন। এ নিয়ে চলতি বছরে ডেঙ্গুতে মোট ৩৪৮ জনের মৃত্যু হলো। গত ২৪ ঘণ্টায় হাসপাতালে ভর্তি হওয়া ২ হাজার ৮৮ জনের মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার হাসপাতালে ভর্তি হয়েছে ২৩২ জন এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার হাসপাতালে ভর্তি হয়েছে ২৩১ জন। এ ছাড়া ঢাকার দুই সিটি করপোরেশন এলাকার বাইরে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে ৫৯৫ জন। ঢাকার বাইরে বিভাগগুলোর মধ্যে সবচেয়ে বেশি ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে খুলনায়, ২৯০ জন। এ ছাড়া রাজশাহীতে ২০০, বরিশালে ১৯৯, চট্টগ্রামে ১৬১, ময়মনসিংহে ৯৩, সিলেটে ১৫ এবং রংপুরে ৭ জন হাসপাতালে ভর্তি হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ১২ হাজার ৪০০ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে ১ লাখ ৬ হাজার ২৬ জন।

বঙ্গোপসাগরে নতুন লঘুচাপের আভাস

কীর্তনখোলা ডেস্ক

উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে লঘুচাপের বর্ধিতাংশ। এর মধ্যেই আগামী কয়েকদিনের মধ্যে বঙ্গোপসাগরের আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি নতুন লঘুচাপ সৃষ্টির সম্ভাবনা দেখা দিয়েছে। এর প্রভাবে চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। তবে দেশের অন্যান্য অঞ্চলে আবহাওয়া প্রধানত শুষ্ক ও আংশিক মেঘলা থাকার আভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। রোববার (১৮ অক্টোবর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মো. ওমর ফারুকের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানায়। আবহাওয়া অফিস জানায়, আজ সোমবার (১৯ অক্টোবর) সকাল ৯টার মধ্যে দেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। তবে এ দিন সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামীকাল সোমবার (২০ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায়ও আবহাওয়ার বিশেষ কোনো বড় পরিবর্তনের সম্ভাবনা নেই। সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকবে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামী মঙ্গলবার (২১ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। ২২ অক্টোবর সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ১৯ অক্টোবর ২০২৬ ॥ ০৩ কার্তিক ১৪৩৩

যুক্তরাষ্ট্রকে ইরান: শর্ত মানলে ৭ দিনেই খুলবে হরমুজ প্রণালি

কীর্তনখোলা ডেস্ক

বৈশ্বিক বাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালি সাত দিনের মধ্যে পুনরায় খুলে দেওয়ার বিষয়ে মার্কিন যুক্তরাষ্ট্রকে দেওয়া ইরানের প্রস্তাব এখনও টেবিলে বহাল রয়েছে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস

৩ এর পাতায় দেখুন

দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড: সৌদি রাষ্ট্রদূতকে ডেকে পরিস্থিতি জানতে চাইলো সরকার

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের পবিত্র মক্কা নগরীতে অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগে দুই বাংলাদেশি নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনায় ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূতকে ডেকে পরিস্থিতি জানতে চেয়েছে বাংলাদেশ সরকার। একই সঙ্গে ঘটনাটির

৩ এর পাতায় দেখুন

মীরগঞ্জ সেতুতে বদলে যাবে দক্ষিণাঞ্চলের মানুষের ভাগ্য: অ্যাড. জয়নুল আবেদীন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাবুগঞ্জ ও মুলাদীসহ দক্ষিণাঞ্চলের যোগাযোগব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচনের প্রত্যাশা নিয়ে এগিয়ে চলছে আড়িয়াল খাঁ নদের ওপর মীরগঞ্জ সেতু নির্মাণ প্রকল্প। সেতুটি নির্মিত হলে এ অঞ্চলের মানুষের দীর্ঘদিনের দুর্ভোগ লাঘবের পাশাপাশি শিল্পায়ন, ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নের নতুন সম্ভাবনা সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে। রোববার (১৮ অক্টোবর) বরিশালের বাবুগঞ্জ উপজেলার মীরগঞ্জ ফেরিঘাটসংলগ্ন এলাকায় সেতু নির্মাণবিষয়ক এক সভায় এসব কথা বলেন বক্তারা। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের সংসদ সদস্য ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি আলহাজ অ্যাডভোকেট জয়নুল আবেদীন। সভায় বক্তব্যে তিনি বলেন, মীরগঞ্জ সেতু নির্মাণ এ অঞ্চলের মানুষের দীর্ঘদিনের প্রাণের দাবি। সেতুটি বাস্তবায়িত হলে বাবুগঞ্জ, মুলাদী ও মেহেন্দিগঞ্জসহ আশপাশের

৩ এর পাতায় দেখুন

ডিসেম্বরের মধ্যে দেশে গৃহযুদ্ধের ষড়যন্ত্র চলছে: আলতাফ হোসেন চৌধুরী

পটুয়াখালী প্রতিনিধি

দেশকে অস্থিতিশীল করা, সামাজিক অস্থিরতা বৃদ্ধি এবং ধর্মীয় বিভেদ ও সংঘাত ছড়িয়ে দেওয়ার মাধ্যমে চলতি ডিসেম্বর মাসের মধ্যেই একটি গৃহযুদ্ধতুল্য পরিস্থিতি সৃষ্টির গভীর চক্রান্ত চলছে বলে মন্তব্য করেছেন পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অব.) আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী। রোববার (১৮ অক্টোবর) সকালে পটুয়াখালী জেলা পরিষদের আয়োজনে পরিষদ মিলনায়তনে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে

৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

আলীগঞ্জ মাদ্রাসার প্রাক্তন ছাত্র ফোরামের উদ্যোগে স্মরণসভা ও দোয়া মাহফিল

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

ধূলখোলা ইউনিয়নের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ আলীগঞ্জ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার শিক্ষক মরহুম মাওলানা মো. ইদ্রিস হুজুর, শিক্ষক ও প্রাক্তন শিক্ষার্থীদের স্মরণে প্রাক্তন ছাত্র ফোরাম-এর উদ্যোগে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার (১৬ অক্টোবর) বিকেল চারটায় রাজধানীর মিরপুর-১০ নম্বরের ‘পিয়াংকিং চাইনিজ রেস্টুরেন্টে’ এই আয়োজন অনুষ্ঠিত হয়। এ সময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলীগঞ্জ মাদ্রাসার সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. এটিএম মঞ্জুরুল কাদির (তাহের হুজুর) অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্মরণসভা ও দোয়া মাহফিল বাস্তবায়ন কমিটির আহ্বায়ক বিশিষ্ট ব্যবসায়ী মো. কবির হোসেন মাতাব্বর। অনুষ্ঠানটি যৌথভাবে সঞ্চালনা করেন প্রাক্তন ছাত্র ফোরামের সাধারণ সম্পাদক এডভোকেট মো: শফিকুর রহমান ও সাংগঠনিক সম্পাদক মো: হাসান মাহমুদ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধূলখোলা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি ও প্রাক্তন ছাত্র মোজাম্মেল হক, প্রথম ব্যাচের শিক্ষার্থী ও প্রাক্তন ছাত্র

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
EIIN: 137732
Code: 20830
২০২৬ শিক্ষাবর্ষে
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

মোবাইল নম্বর ব্লক করায় দুই বান্ধবীকে ডেকে নিয়ে মারধর, তদন্তে কমিটি

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে মোবাইল ফোন নম্বর ব্লক করাকে কেন্দ্র করে কলেজের দুই ছাত্রীকে শ্রেণিকক্ষ থেকে ডেকে নিয়ে মারধর ও জুতাপেটা করার অভিযোগ উঠেছে সহপাঠী ও বহিরাগতদের বিরুদ্ধে। গত বৃহস্পতিবার সকালে মুলাদী সরকারি কলেজ চত্বরে এ ঘটনা ঘটে। ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর শনিবার নিরাপত্তা চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ে লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী দুই ছাত্রী। অভিযোগ তদন্তে দুই শিক্ষকের সমন্বয়ে একটি কমিটি গঠন করেছে কলেজ কর্তৃপক্ষ। অভিযোগ সূত্রে জানা যায়, ভুক্তভোগী দুই ছাত্রীর সঙ্গে তাঁদের এক সহপাঠীর বন্ধুত্ব ছিল। তাঁরা একসঙ্গে কলেজে যাতায়াত

৩ এর পাতায় দেখুন

তেঁতুলিয়া নদীর ভাঙনে অসহায় হয়ে পড়েছেন বাসিন্দারা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলায় তেঁতুলিয়া নদীর ভাঙনে অসহায় হয়ে পড়েছেন নদীবেষ্টিত একাধিক ইউনিয়নের মানুষ। বিশেষ করে উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের দক্ষিণ চর ব্যারেট গ্রামের বিভিন্ন স্থানে ভাঙন দেখা দেওয়ায় নদীতে বিলীন হচ্ছে ঘর-বাড়ি ও ফসলি জমি। নদীর করাল গ্রাসে এরই মধ্যে বিলীন হয়ে গেছে শত শত পরিবারের ভিটেমাটি ও স্বজনদের শেষ স্মৃতিচিহ্ন পারিবারিক কবরস্থানগুলো। মাথাগোঁজার ঠাঁই হারিয়ে গৃহহারা পরিবারগুলো ভাঙনের আগেই তড়িঘড়ি করে নিজেদের ঘরবাড়ি সরিয়ে নেওয়ার আকুল চেষ্টা করছেন। চন্দ্রদ্বীপের দক্ষিণ চর ব্যারেট গ্রামে গিয়ে দেখা গেছে, নদীর তীরে চৌকিদার বাড়ির অদূরে ধসে পড়া পারিবারিক কবরস্থান থেকে কঙ্কাল বেরিয়ে পড়ে রয়েছে নদীর পাড়ে। তবে কঙ্কালটি কার কিংবা

৩ এর পাতায় দেখুন

কাউখালীতে জমে উঠেছে সুপারির হাট

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে শুরু হয়েছে সুপারি বেচাকেনার ব্যস্ত মৌসুম। উপজেলার হাটবাজারগুলোতে প্রতিদিনই আসছে বাগানের তাজা সুপারি। ক্রেতা-বিক্রেতার সরব উপস্থিতিতে জমে উঠেছে হাটগুলো। এছাড়া অনুকূল আবহাওয়ায় ভালো ফলনের পর মিলছে সন্তোষজনক দামও। ফলে সুপারি চাষি ও বাগানমালিকদের মুখে ফুটেছে হাসি। কাউখালীর গ্রামীণ অর্থনীতিতে ধানের পর সুপারি অন্যতম গুরুত্বপূর্ণ কৃষিপণ্য। উপজেলার প্রায় প্রতিটি বাড়ির আঙিনা ও আশপাশে রয়েছে সুপারি গাছ। পরিবারের দৈনন্দিন খরচ, সন্তানদের পড়াশোনা, চিকিৎসা ও বিভিন্ন

৩ এর পাতায় দেখুন

সুপারি বাগানে জুয়ার আসর সরঞ্জাম ও টাকাসহ আটক ৭

ভোলা প্রতিনিধি

ভোলার সদর উপজেলায় জুয়ার আসরে অভিযান চালিয়ে জুয়া খেলার সরঞ্জাম ও নগদ টাকা উদ্ধার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ সময় সাতজনকে আটক করা হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) বিকেলে সদর উপজেলার পশ্চিম ইলিশা ইউনিয়নের পূর্ব কাজিরচর এলাকার আলমগীর মিস্ত্রীর সুপারি বাগানে এ অভিযান চালানো হয়। ওই দিন গভীর রাতে জেলা পুলিশের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আটক ব্যক্তিরা হলেন–মো. রুবেল (৩০), মো. নসু হাওলাদার (৪৫), মো. আলাউদ্দিন (৪২), মো. মনির

৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা
পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব

১ জানুয়ারির মধ্যে ১০ম গ্রেড বাস্তবায়ন চান প্রাথমিকের সহকারী শিক্ষকরা

কীর্তনখোলা ডেস্ক

আগামী ২০২৭ সালের ১ জানুয়ারির মধ্যে ১০ম গ্রেড বাস্তবায়নসহ তিন দফা দাবি পূরণের আহ্বান জানিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা। এ বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপও কামনা করেছেন তারা। রোববার (১৮ অক্টোবর) বিকেল সাড়ে ৩টায় জাতীয় প্রেস ক্লাবের মাওলানা মোহাম্মদ আকরম খাঁ হলে ‘প্রাথমিক শিক্ষক অধিকার বাস্তবায়ন পরিষদ’ আয়োজিত মতবিনিময় ও সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান সংগঠনটির সভাপতি মাহবুবুর রহমান। লিখিত বক্তব্যে মাহবুবুর রহমান বলেন, অর্থ মন্ত্রণালয়ের অর্থসচিবের সভাপতিত্বে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের উপস্থিতিতে শিক্ষক নেতাদের সঙ্গে আলোচনার পর ২০২৫ সালের ১০ নভেম্বর মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিন দফা দাবি বাস্তবায়নের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু প্রায় এক বছর পেরিয়ে গেলেও দাবিগুলোর কোনোটিই বাস্তবায়িত হয়নি। এতে শিক্ষকরা হতাশ। শিক্ষকদের তিন দফা দাবি হলো–বর্তমান ১৩তম বেতন গ্রেড

৩ এর পাতায় দেখুন

বিএনপির অফিস ভাঙচুর মামলায় আ.লীগ নেতা গ্রেফতার

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকিতে বিএনপির দলীয় কার্যালয় ভাঙচুর ও মারামারির মামলায় সাইফুল ইসলাম কামাল ফরাজি নামে এক আওয়ামী লীগ নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১৮ অক্টোবর) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার কদমতলা বাজার এলাকা থেকে তাঁকে গ্রেফতার করা হয়। গ্রেফতার সাইফুল ইসলাম উপজেলার আঙ্গারিয়া ইউনিয়নের জলিশা গ্রামের মৃত জাহাঙ্গীর ফরাজির ছেলে। তিনি আঙ্গারিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সহসভাপতি এবং ওই ওয়ার্ডের দুবারের নির্বাচিত সাবেক ইউপি সদস্য। পুলিশ সূত্রে জানা গেছে, বিএনপি কার্যালয় ভাঙচুর ও সহিংসতার ঘটনায় দায়ের করা মামলার তদন্তের অংশ হিসেবে দুমকি থানার উপপরিদর্শক তাওহীদুর রহমানের নেতৃত্বে পুলিশের একটি দল কদমতলা বাজার এলাকায় অভিযান চালায়। এ সময় কামাল ফরাজিকে গ্রেফতার করা হয়। পরে সংশ্লিষ্ট মামলায় তাঁকে আদালতে সোপর্দ করা হয়। ঘটনার সত্যতা নিশ্চিত করে দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

৩ এর পাতায় দেখুন

কচাঁ নদীতে বালু উত্তোলন বন্ধের দাবিতে মানববন্ধন

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় কচাঁ নদীর চরখালী মোহনায় অবৈধ বালু উত্তোলন বন্ধ, নদীভাঙন রোধ,নদীতীরবর্তী বসতভিটা ও জনপদ রক্ষার দাবিতে মানববন্ধন করেছেন স্থানীয় বাসিন্দারা। গতকাল রবিবার সকাল ১০টায় উপজেলার চরখালী ফেরিঘাট এলাকায় কচাঁ নদীর তীরবর্তী ভাঙনকবলিত এলাকার সর্বস্তরের জনগণের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এসময় মানববন্ধন কর্মসূচি একপর্যায় অবরোধে পরিণত হয়। যার ফলে,সড়ক ও নৌ পথ বন্ধ হয়ে যয়। প্রায় দেড় ঘন্টা ফেড়ি চলাচল বন্ধ থাকে। পরে উপজেলা প্রশাসনের পক্ষে সহকারী কমিশনার ভূমি উজ্জ্বল হালদার

৩ এর পাতায় দেখুন

মুলাদীতে লঞ্চঘাটের টোলঘর থেকে ইয়াবাসহ যুবক গ্রেফতার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলায় লঞ্চঘাটের টোল আদায়ের ঘর থেকে ৫০০টি ইয়াবা ট্যাবলেটসহ মো. আব্দুল হক (৩৫) নামে এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল রোববার সকাল ১০টার দিকে উপজেলার সফিপুর ইউনিয়নের চরমালিয়া গ্রামের ব্যাপারীর হাট লঞ্চঘাটে অভিযান চালিয়ে তাঁকে হাতেনাতে আটক করা হয়। গ্রেফতার আব্দুল হক উপজেলার চরকালেখান ইউনিয়নের ষোলঘর গ্রামের মোসলেম খানের ছেলে। পুলিশ সূত্রে জানা যায়, ঢাকা থেকে লঞ্চে মাদকের একটি চালান আসার গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ উপজেলার একাধিক লঞ্চঘাটে নজরদারি শুরু করে। একপর্যায়ে চরমালিয়া ব্যাপারীর হাট লঞ্চঘাটের টোল আদায়ের ঘরে অভিযান চালিয়ে আব্দুল হককে আটক করা হয়।

৩ এর পাতায় দেখুন

ফেসবুক লাইভে স্বামীর বিরুদ্ধে অভিযোগ, গৃহবধূর আত্মহত্যা

জিয়ানগর প্রতিনিধি

বাগেরহাটের শরণখোলায় কথিত স্বামীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ তুলে ফেসবুক লাইভে আসার পর জুই আক্তার (৩০) নামের এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (১৭ অক্টোবর) রাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পাশের একটি ভাড়া বাসা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় তার কথিত স্বামী মাসুদ খান পলাতক রয়েছেন। নিহত জুই পিরোজপুরের জিয়ানগর উপজেলার পত্তাসী গ্রামের এনায়েত শরীফের মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ৫ অক্টোবর জুই ও মাসুদ স্বামী-স্ত্রী পরিচয়ে শরণখোলার ফরিদ ফরাজীর বাড়িতে ভাড়া ওঠেন। এরপর থেকে তাদের মধ্যে প্রায়ই ঝগড়া হতো বলে বাড়ির মালিক জানিয়েছেন। পরিবারের দাবি, মাসুদের নির্যাতনে জুই মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন। মৃত্যুর দুই দিন আগে তিনি অতিরিক্ত ঘুমের ওষুধ সেবন করে আত্মহত্যার চেষ্টা করেন। চিকিৎসা শেষে বাসায় ফেরার পর তার ১১ বছর বয়সী মেয়েকে পরিবারের সদস্যরা নিজেদের কাছে নিয়ে যান। জুইয়ের বড়

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com